গত ১৭ সেপ্টেম্বর শিক্ষাপ্রতিষ্ঠানটির নির্মাণ কাজ শেষ হলে তা পরিদর্শনে যান ইমারতে ইসলামিয়ার একটি প্রতিনিধিদল।

https://alfirdaws.org/2020/09/19/42370/

---

# ১৮ই সেপ্টেম্বর, ২০২০

## বুর্কিনা-ফাসো | মুজাহিদদের হামলায় ১১ ক্রুসেডার সৈন্য নিহত ও আহত

পশ্চিম আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের এক হামলায় বুর্কিনি ক্রুসেডারদের ১১ সৈন্য নিহত ও আহত হয়েছে।

'সাবাত নিউজ' এর খবরে বলা হয়েছে, ১৮ সেপ্টেম্বর শুক্রবার সকাল বেলায় বুর্কিনা-ফাসোর উত্তর সিমো রাজ্যে দেশটির ক্রুসেডার সৈন্যদের লক্ষ্য করে একটি সফল হামলা চালিয়েছেন 'জিএনআইএম' এর মুজাহিদিন। এতে দেশটির ৫ ক্রুসেডার সৈন্য নিহত এবং আরো ৬ সৈন্য গুরুতর আহত হয়েছে। ধ্বংস করা হয়েছে ক্রুসেডার সৈন্যদের ২টি সামরিযানও।

অভিযান শেষে আল-কায়েদা মুজাহিদিন ক্রুসেডার বাহিনী থেকে অস্ত্রশস্ত্র ও গুলাবারুদ গনিমত লাভ করেছেন।

উল্লেখ্য যে, আফগানিস্তান, সোমালিয়া, ইয়ামান ও মালির পর পশ্চিম আফ্রিকার দেশ বুর্কিনা-ফাসোও এখন আল-কায়েদা যোদ্ধাদের মজবুত এক ঘাঁটিতে রূপান্তরিত হয়েছে।

দেশটির বিস্তীর্ণ এলাকার উপর নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে সেখানে শরিয়াহ্ ভিত্তিক পূর্ণাঙ্গ ইসলামি রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলছেন আল-কায়েদা মুজাহিদিন। মুরতাদ ও ক্রুসেডার বাহিনীর উপর হামলা চালিয়ে একের পর এক এলাকা বিজয়ের মাধ্যমে যার সীমানা এখন বৃদ্ধি পেয়েই চলছে, আলহামদুলিল্লাহ।

## পাকিস্তান | মুজাহিদদের হামলায় গুলিবিদ্ধ হয়ে মারা গেল এক পুলিশ সদস্য

পাকিস্তানে একের পর এক টার্গেট করে হত্যা করা হচ্ছে দেশটির মুরতাদ সামরিক বাহিনীর সদস্যদের, বিশেষ করে দেশটির জিহাদি গ্রুপগুলো ঐক্যবদ্ধ হওয়ার পর এধরণের হামলা কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে।

এরি ধারাবাহিকতায় ১৮ সেপ্টেম্বর শুক্রবার, করাচির কোরঙ্গি জেলার গোডাম চৌরঙ্গি এলাকার কাছে 'আরিফ খান' নামক এক মুরতাদ পুলিশ সদস্যকে টার্গেট করে গুলি চালানোর ঘটনা ঘটে। এতে গুলিবিদ্ধ হয়ে মারা যায় উক্ত পুলিশ সদস্য।

হামলার পর তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) কেন্দ্রীয় মুখপাত্র মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ হামলার দায় স্বীকার করেন।

---

## সোমালিয়া | মুজাহিদদের হামলায় মন্ত্রীসহ ১১ মুরতাদ সৈন্য হতাহত, ২টি সামরিযান ধ্বংস

হারাকাতুশ শাবাব মুজাহিদদের পৃথক হামলায় সোমালীয় এক মন্ত্রীসহ ১১ মুরতাদ সৈন্য হতাহত হয়েছে, ধ্বংস করা হয়েছে ২টি সামরিকযান।

খবরে বলা হয়েছে, শাবেলী সুফলা রাজ্যের আউদাকলী শহরে সোমালীয় মুরতাদ বাহিনীকে টার্গেট করে একটি অভিযান পরিচালনা করেছেন শাবাব মুজাহিদিন। এতে সোমালীয় ২ সৈন্য নিহত এবং আরো ৪ সৈন্য আহত।

শাহাদাহ্ নিউজ থেকে জানা গেছে, ১৮ সেপ্টেম্বর শুক্রবার, সোমালীয় মুরতাদ বাহিনীর সামরিক সরঞ্জামবাহী একটি সামরিক ট্রাক লক্ষ্য করে বোমা হামলা চালালে হতাহতের এই ঘটনা ঘটে, এসময় সরঞ্জামবাহী ট্রাকটিও ধ্বংস হয়।

এইদিন একই রাজ্যের জোহার শহরে অন্য একটি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যাতে হর্ষবিলি প্রশাসনের 'নূর হাশী' নামক এক মন্ত্রী নিহত হয়।

এর আগে অর্থাৎ গত ১৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার, সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে দেশটির মুরতাদ বাহিনীর একটি গাড়ি লক্ষ্য করে সফল বোমা হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর ৪ সৈন্য নিহত ও আহত হয়েছিল, ধ্বংস হয়ে যায় মুরতাদ বাহিনীর গাড়িটি।

---

## সোমালিয়া | ফের মার্কিন ড্রোন আটক করল শাবাব মুজাহিদিন

শাহাদাহ্ নিউজ এজেন্সী জানিয়েছে, হারাকাতুশ শাবাব মুজাহিদিন একটি মার্কিন ড্রোন ভূপাতিত করেছেন। ১৮ সেপ্টেম্বর শুক্রবার সোমালিয়ার রাজধানী মোগাদিশুর দক্ষিণ-পশ্চিম তোরাটো শহরে বিমানটি উড়তে দেখা গিয়েছিল। এই ঘটনার পর ততক্ষণাৎ শাবাব মুজাহিদিন ড্রোনটি ভূপাতিত করার চেষ্টা শুরু করেন এবং এক পর্যায়ে তাঁরা সফলতাও লাভ করেন।

পরে ড্রোনটি আটক করে নিয়ে যান হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

---

## আল্লামা আহমাদ শফী রহ. আর নেই

দেশ বরেণ্য আলেম আল্লামা আহমদ শফী রহ. ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। শুক্রবার সন্ধ্যায় তিনি রাজধানীর আজগর আলী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এর আগে শুক্রবার বিকাল সাড়ে ৪টায় হেফাজত ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফীর শারীরিক অবস্থা অবনতি হওয়ায় তাকে ঢাকায় আনা হয়েছিল। এরপরই তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন।

চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের আইসিইউতে থাকা আল্লামা শফীকে এয়ার অ্যাম্বুলেন্সে শুক্রবার সন্ধ্যার আগে ঢাকায় এনে আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়।

উল্লেখ্য, শতবর্ষী আল্লামা আহমদ শফী রহ. দীর্ঘদিন যাবৎ বার্ধক্যজনিত দুর্বলতার পাশাপাশি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও শ্বাসকষ্টে ভুগছিলেন।

বর্ষীয়ান এই আলেমের প্রয়াণে দেশের দীনী অঙ্গন একজন অভিভাবক হারালো।

---

## হাটহাজারীর ছাত্র-আন্দোলন : ছাত্রদের সব দাবি মেনে নিয়েছেন মাদরাসার শূরা কমিটি

দারুল উলুম মঈনুল ইসলাম মাদরাসায় দুর্নীতিবাজ ও দালালদের বিরুদ্ধে ছাত্র-আন্দোলনের দুই দিনের মাথাতেই ছাত্রদের সকল দাবি মেনে নেওয়া হলো। মাদরাসাটির শূরা সদস্যদের জরুরি বৈঠক শেষে গতকাল বৃহস্পতিবার রাতে এ সিদ্ধান্ত জানানো হয়।

দীর্ঘদিন ধরে কওমী অঙ্গনে আল্লামা শাহ আহমদ শফী দা.বা. এর ছেলে মাওলানা আনাস ও তার কিছু সহযোগীদের নিয়ে গঠিত সিন্ডিকেটের দৌরাত্ম পরিলক্ষিত হচ্ছিল। এই সিন্ডিকেটের বেশকিছু অপকর্ম প্রকাশ্যে আসলে কওমী ছাত্রদের মাঝে তাদের বিরুদ্ধে ক্ষোভের সৃষ্টি হয়। সেই থেকে দেশের প্রধানতম দ্বীনি শিক্ষাঙ্গন কওমী মাদরাসাগুলোকে এসকল দুর্নীতিবাজ দালালগোষ্ঠীর হাত থেকে রক্ষার উদ্দেশ্যে সচেতন উলামা-তলাবাগণ

সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে লেখালেখি করে আসছেন। অনলাইনের মাধ্যমে জানানো এই প্রতিবাদ সর্বশেষ হাটহাজারী মাদরাসায় ছাত্র-আন্দোলনের মাধ্যমে দালালগোষ্ঠীর উৎখাতের পর একটা নতুন মাত্রা পেলো।

মাদরাসার ছাত্রদের আন্দোলনে সাড়া দিয়ে মাদরাসার শূরা কমিটির কয়েকজন সদস্য প্রাথমিকভাবে বুধবার এবং পরবর্তীতে বৃহস্পতিবার জরুরি বৈঠকে বসেন। বুধবারের বৈঠকে মাওলানা আনাস মাদানীকে বহিষ্কার এবং ছাত্রদেরকে কোনোভাবেই হয়রানি না করার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি শনিবারে পূর্নাঙ্গ শূরা বসার কথা জানানো হয়। কিন্তু, বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে মাদরাসা বন্ধ করে দিয়ে আন্দোলনকে দমিয়ে দেওয়ার আভাস পেয়ে ছাত্ররা ঐদিনই শূরা বৈঠকের আহ্বান জানান। ছাত্রদের আহ্বানে সাড়া দিয়ে বৃহস্পতিবার রাতে শূরা সদস্যগণ বৈঠকে বসেন। দীর্ঘক্ষণ বৈঠক শেষে বুধবারের গৃহীত সিদ্ধান্তসহ ছাত্রদের সকল দাবি মেনে নেওয়ার সিদ্ধান্ত দেন তাঁরা। সিদ্ধান্তগুলো হলো-

১. মাওলানা আনাস মাদানীকে মাদরাসা থেকে বহিষ্কার।

২. ছাত্রদেরকে কোনোভাবে হয়রানী করা যাবে না।

৩. আল্লামা আহমদ শফী দা.বা. মুহতামিমের দায়িত্ব থেকে পদত্যাগ করেছেন। মাদরাসার মজলিসে শূরার পরামর্শে তাঁকে সদরে মুহতামিম বা উপদেষ্টা পদে রাখা হয়েছে।

৪. মাদরাসা পরিচালনার দায়িত্ব এখন শূরা কমিটির হাতে ন্যস্ত করা হয়েছে।

৫. মাদরাসার আরেকজন শিক্ষক নুরুল ইসলাম কক্সবাজারীকে বহিষ্কার করা হয়েছে।

শূরা কমিটির এই সিদ্ধান্তে আনন্দিত হয়েছেন মাদরাসার শিক্ষার্থীরা। তাদের দাবি মেনে নেওয়া হয়েছে বলে আন্দোলনকে সমাপ্ত ঘোষণা করেছেন তারা।

এদিকে ছাত্রদের এই দুর্নীতিবিরোধী ন্যায্য আন্দোলনকে নেতৃত্বের দ্বন্দ্ব বলে অপপ্রচার করছে ইসলামবিদ্বেষী পত্রিকা বিবিসি বাংলাসহ অন্যান্য হলুদ মিডিয়াগুলো। কথিত বস্তুনিষ্ঠ সাংবাদিকতার নামে তারা সবসময় কৌশলে মিথ্যার আশ্রয় নিয়ে সত্যের বিরুদ্ধে দাঁড়িয়েছে। তাদের এমন নিকৃষ্ট অপপ্রচারের ব্যাপারে ছাত্ররা নিন্দা জানিয়েছেন।

---

## আমাদের মাদ্রাসা সরকারি নয়, মাদ্রাসা বন্ধের সিদ্ধান্ত সরকার দিতে পারে না: আন্দোলনরত ছাত্ররা

চট্টগ্রামের হাটহাজারী মাদ্রাসা বন্ধের সরকারি সিদ্ধান্ত প্রত্যাখান করেছে আন্দোলনকারী শিক্ষার্থীরা।

মাদ্রাসাটি যেহেতু সরকারি নয়— সেজন্য শিক্ষা মন্ত্রণালয়ের এমন ঘোষণা দেওয়ার এখতিয়ার নেই জানিয়ে শিক্ষার্থীরা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

মাদ্রাসার শুরা কমিটিও শিক্ষা মন্ত্রণালয়ের এই ঘোষণাকে প্রত্যাখান করেছে বলে খবর মিললেও সেটা তাৎক্ষণিক যাচাই করা যায়নি।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রাত পৌনে আটটার দিকে মাদ্রাসার মসজিদের মাইক থেকে এই ঘোষণা দেওয়া হয়।

মাইকে শিক্ষার্থীরা বলেন, 'আমাদের মাদ্রাসা সরকারি নয়। তাই এই মাদ্রাসা বন্ধের সিদ্ধান্ত সরকার দিতে পারে না।'

---

## সীমান্তে উত্তেজনা ও সেনা মৃত্যুর পরেও চীনের কাছ থেকে মোটা ঋণ নিয়েছে ভারত

সীমান্তে বাজছে যুদ্ধের দামামা। চার দশক পর চীন সীমান্তে আবারও রক্ত ঝরেছে ভারতীয় সেনাদের, প্রাণ হারিয়েছেন ২০ জন। দেশপ্রেমের জিগির তুলে শতাধিক চীনা অ্যাপ নিষিদ্ধ করেছে ভারত সরকার। তবে সেগুলো কি শুধুই লোকদেখানো? প্রশ্নটা এবার সবার মুখেই। কারণ, সীমান্তে এই উত্তেজনার মধ্যেই চীনের একটি ব্যাংক থেকে নয় হাজার কোটি রুপি ঋণ নিয়েছে ভারত।

বুধবার ভারতীয় পার্লামেন্টে চীনের কাছ থেকে ঋণ নেয়ার বিষয়টি নিশ্চিত করেছেন দেশটির কেন্দ্রীয় অর্থমন্ত্রী অনুরাগ ঠাকুর। তিনি জানিয়েছেন, অবঠামো খাতে উন্নয়নের জন্য চীনের এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের (এআইআইবি) সঙ্গে দু'টি ঋণচুক্তি করেছে ভারত সরকার। প্রায় ৩ হাজার ৬৭৬ কোটি রুপির প্রথম চুক্তিটি সই হয় গত ৮ মে।

দ্বিতীয় ঋণচুক্তিতে প্রায় ৫ হাজার ৫১৪ কোটি রুপি পেয়েছে ভারত। এই চুক্তিটি হয়েছিল গত ১৯ জুন, অর্থাৎ ১৫ জুন সীমান্ত সংঘর্ষে ভারতীয় সেনারা প্রাণ হারানোর চারদিন পরেই।

এই তথ্য সামনে আসার পর থেকেই বিজেপি সরকারের বিরুদ্ধে সরব হয়েছেন বিরোধীরা। তাদের দাবি, যুদ্ধ-যুদ্ধ ভাব দেখিয়ে কেন্দ্রীয় সরকার জনগণের চোখে ধুলো দিচ্ছে। কারণ, সীমান্তে যতই উত্তেজনা থাক, চীনের সঙ্গে আর্থিক-কূটনৈতিক সব সম্পর্কই বজায় রেখেছে মোদি সরকার। বলা হচ্ছে, চীনের কাছ থেকে আর্থিক সুবিধা পাচ্ছে বলেই দেশটির বিরুদ্ধে সুর নরম ভারত সরকারের।

---

# ১৭ই সেপ্টেম্বর, ২০২০

## ইয়ামান | মুরতাদ হুতি বিদ্রোহীদের উপর আল-কায়েদার হামলা, নিহত অন্তত ৩

মুরতাদ হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে একের পর এক অভিযান পরিচালনা করে যাচ্ছেন আরব উপদ্বীপ ভিত্তিক আল-কায়েদা শাখা আনসারুশ শরিয়াহর(একিউএপি) মুজাহিদিন।

সাবাত নিউজ ও ইয়ামান ভিত্তিক আল-কায়েদা সমর্থিত গণমাধ্যমগুলো জানায়, বুধবার থেকে ইয়ামানের বায়দা রাজ্যে ইরানের মদদপুষ্ট মুরতাদ হুতি বিদ্রোহীদের উপর পুনরায় হামলা চালাতে শুরু করেন একিউএপি মুজাহিদিন। এরই ধারাবাহিতায় এদিন হুতিদের অবস্থান টার্গেট করে চালানো এক হামলায় ৩ মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

আজ বৃহস্পতিবারও হামলা-অভিযান অব্যাহত রেখেছেন মুজাহিদিন।

---

## পাকিস্তান | টহলরত মুরতাদ সৈন্যদের টার্গেট করে টিটিপির হামলা, নিহত ২

মুরতাদ পাক সরকারের টহলরত বাহিনীর উপর টিটিপির মাইন হামলায় ২ সৈন্য নিহত হয়েছে। আহত আরো ১। বুধবার পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তানের মিরআলী সীমান্তে এ হামলা চালানো হয়।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) কেন্দ্রীয় মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এই হামলার দায় স্বীকার করেছেন।

---

## ফটো রিপোর্ট | খালিদ বিন ওয়ালিদ সামরিক ক্যাম্প থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা অর্ধশত তালেবান মুজাহিদ

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের সামরিক কমিশনের অধীনে খালিদ বিন ওয়ালিদ মুয়াসকার ক্যাম্প(সামরিক প্রশিক্ষণ কেন্দ্র) থেকে কয়েক ডজন তালেবান মুজাহিদ স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন। এসকল তালেবান মুজাহিদিন কমান্ডো প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন বিষয়ে সামরিক দক্ষতা অর্জন করেছেন।

https://alfirdaws.org/2020/09/17/42331/

---

## হাটহাজারী মাদ্রাসা বন্ধ ঘোষণা, দুর্নীতিবাজদের প্রতিরক্ষায় সরকারি হস্তক্ষেপ

চট্টগ্রামের মুঈনুল ইসলাম হাটহাজারী মাদ্রাসা অনির্দিষ্টকালীন বন্ধের ঘোষণা দেয়া হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ আদেশ দেয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সহকারী সচিব সৈয়দ আসগর আলী স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে বলা হয়, 'গত ২৪ আগস্ট কওমি মাদ্রাসাসমূহের কিতাব বিভাগের কার্যক্রম শুরু ও পরীক্ষা গ্রহণের জন্য কতিপয় শর্তসাপেক্ষে অনুমতি প্রদান করা হয়। কিন্তু আরোপিত শর্তসমূহ যথাযথভাবে প্রতিপালিত না হওয়ায় চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার আল জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম মাদ্রাসাটি পুনরাদেশ না দেয়া পর্যন্ত নির্দেশক্রমে বন্ধ করা হলো।'

এই প্রজ্ঞাপন শতভাগ উদ্দেশ্যপ্রণোদিত। আন্দোলন স্তিমিত করে দিতেই সরকারের পক্ষ থেকে এই নির্দেশনা।

এর আগে হাটহাজারী মাদরাসার দুর্নীতিবাজ দালাল চক্রও একই সিদ্ধান্ত নেয়। কিন্তু ছাত্রদের অনড় অবস্থা দেখে মাদরাসা বন্ধের সিদ্ধান্ত থেকে সরে আসতে বাধ্য হয় তারা। তাই এবার করোনার অজুহাত দেখিয়ে ঘোষণাটা আনা হলো সরকারের পক্ষ থেকে। এই প্রজ্ঞাপন জারি করানোর জন্য যে দালালচক্র সরকারের ধরনা দিয়েছে তা বুঝা বাকি থাকার কথা নয়।

সরকারের এই প্রজ্ঞাপন স্পষ্টভাবে দুর্নীতিবাজদের পক্ষাবলম্বন। দালালদের বাঁচাতেই মাদরাসা বন্ধের এই ঘোষণা।

আন্দোলনকারীদের অভিযোগ, সরকারের এই সিদ্ধান্তের পেছনে রয়েছে ভারতীয় ইন্ধন। আন্দোলন নস্যাতে দিল্লি থেকে কলকাঠি নাড়ছে হিন্দুত্ববাদীরা।

---

## কাশ্মীরকে হিন্দু রাজ্য বানাতে ৫০ হাজার মন্দির নির্মাণ করবে মোদি সরকার

ভারত দখলকৃত জম্মু-কাশ্মীরকে খুব দ্রুত হিন্দু অধ্যুষিত অঞ্চলে রূপ দিতে ব্যাপক পরিকল্পনা হাতে নিয়েছে হিন্দুত্ববাদী বিজেপি।

এ লক্ষ্যে প্রদেশটিতে প্রায় ৫০ হাজার মন্দির নির্মাণের কাজ শুরু করেছে মোদি সরকার।

কাশ্মীরি সংবাদমাধ্যমের সূত্রে ডেইলি জং উর্দু জানিয়েছে, জরাজীর্ণ মন্দিরসমূহ পুনর্নির্মাণের নামে ঐতিহাসিক মসজিদ ও মাজারগুলোকে টার্গেট করেছে মোদি সরকার।

এর দ্বারা কার্যত আরএসএস ও বিজেপি সুপরিকল্পিত প্রদেশটিকে হিন্দুত্ববাদী অঞ্চলে পরিণত করতে চায়।

ভারত সরকার দাবি করেছে, এসব মসজিদ হিন্দুদের পুরনো ধর্মীয় স্থানসমূহে স্থাপন করা হয়েছিল।

কাশ্মীরি বিভিন্ন গণমাধ্যম জানিয়েছে, সম্প্রতি দখলকৃত অঞ্চলসমূহে বিশেষ সেনা টহল বাড়ানো হয়েছে।

---

## হাটহাজারিতে দুর্নীতিমুক্ত শিক্ষাঙ্গন গড়ার দাবিতে আন্দোলন, আনাস মাদানীকে অব্যাহতির সিদ্ধান্ত

চট্টগ্রামের দারুল উলুম মঈনুল ইসলাম হাটহাজারী মাদরাসায় দুর্নীতিবাজদের উৎখাতে আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা। বুধবার জোহরের পর ঐক্যবদ্ধভাবে এই আন্দোলনের ডাক দেন তারা।

বৃদ্ধ পিতার অসুস্থতার সুযোগে দীর্ঘদিন ধরে হাটহাজারী মাদরাসা ও কওমী অঙ্গনে ত্রাস সৃষ্টি করে আসছেন আল্লামা আহমদ শফীর (দা.বা.) ছেলে আনাস মাদানী। তার পৃষ্ঠপোষকতা ও নেতৃত্বে একটি সিন্ডিকেট গড়ে উঠেছে কওমী অঙ্গনে। বিভিন্ন অপকর্মের সাথে জড়িত এই সিন্ডিকেটের সদস্যরা। প্রশ্নপত্র ফাঁস, অন্যায়ভাবে অর্থসম্পদ আত্মসাৎ, সত্যনিষ্ঠ শিক্ষকদের হয়রানি, বিনা দোষে মাদরাসা থেকে বহিষ্কার করা, অযোগ্য ও দুর্নীতিবাজদের হাতে ক্ষমতা ও শিক্ষা কার্যক্রমের দায়িত্ব দেওয়া, সাধারণ শিক্ষার্থীদের নির্যাতন করাসহ আল্লামা জুনায়েদ বাবুনগরীর মতো প্রখ্যাত মুত্তাকি আলেমকে নানাভাবে অবজ্ঞা ও হয়রানি করার অভিযোগও রয়েছে এই সিন্ডিকেটের বিরুদ্ধে।

এসকল অপকর্মের বিরুদ্ধে দীর্ঘদিন ধরেই ফুঁসছিলেন কওমি অঙ্গনের শিক্ষক-শিক্ষার্থীরা। এরই প্রেক্ষিতে বুধবার হাটহাজারী মাদরাসার ছাত্রবৃন্দ ঐক্যবদ্ধ আন্দোলনে নামেন। ফটক বন্ধ করে তারা মাদরাসার ভেতরে অবস্থান নিয়ে আন্দোলন করতে থাকেন। আন্দোলনকালীন ক্যাম্পাসের বাইরে সরকারের র‍্যাব ও পুলিশ বাহিনীর উপস্থিতি আলাদা শঙ্কা তৈরি করে। যদিও সরকারি বাহিনী এখন পর্যন্ত আন্দোলনে হস্তক্ষেপ করেনি, তবে তাদের উপস্থিতিতে শংকিত হয়ে অনেকে ৫ই মে-র কালোরাতের কথা স্মরণ করছেন। ২০১৩ সালের ৫ই মে ঢাকায় সরকারের পোষ্য বাহিনী ধর্মপ্রাণ মুসলিমদের উপর নির্মম গণহত্যা চালায়। এরকম কোনো গণহত্যার পুনরাবৃত্তি চান না তারা। তাই আন্দোলনরত শিক্ষার্থীরা সরকারি বাহিনীকে বার বার অনুরোধ করেছেন যেন তাদের এই ন্যায্য আন্দোলনে কোনো ধরনের হস্তক্ষেপ না করা হয়।

এদিকে, সারাদেশের সচেতন ছাত্র-শিক্ষক হাটহাজারীর এই ছাত্র আন্দোলনের প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছেন। ইসলামি অঙ্গনের লেখক, বরেণ্য আলিম, সচেতন মুসলিম—সকলে এই আন্দোলনকে যৌক্তিক আখ্যা দিয়েছেন। হাটহাজারী এলাকার সচেতন জনসাধারণও শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছেন, সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। মাদরাসায় আন্দোলনরত ছাত্রদেরকে জরুরি খাবার সরবরাহ করেছেন।

এসময় আন্দোলনরত শিক্ষার্থীরা প্রাণের শিক্ষাঙ্গনকে দালাল ও দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে ৫ দফা দাবি ঘোষণা করেন। দাবিগুলো হলো,

১. মাওলানা আনাস মাদানীকে অনতিবিলম্বে মাদ্রাসা থেকে বহিষ্কার করতে হবে।
২. ছাত্রদের প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা প্রদান করতে হবে এবং সকল প্রকার হয়রানি বন্ধ করতে হবে।
৩. আল্লামা আহমদ শফী সাহেব অক্ষম হওয়ায় মহাপরিচালকের পদ থেকে তাঁকে সম্মানজনকভাবে অব্যাহতি দিয়ে উপদেষ্টা হিসেবে রাখতে হবে।

৪. শিক্ষকদের পূর্ণ অধিকার নিশ্চিত করতে হবে। শিক্ষক নিয়োগ-বিয়োগকে শুরার কাছে পূর্ণ ন্যস্ত করতে হবে।
৫. বিগত শুরার হক্কানী আলেমদেরকে পুনর্বহাল ও বিতর্কিত সদস্যদের পদচ্যুত করতে হবে।

এদিকে চলমান আন্দোলনের প্রেক্ষিতে গতকালই কয়েকজন সদস্য নিয়ে শুরার জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। প্রাথমিকভাবে তারা দুটি দাবি মেনে নেওয়ার ঘোষণা দেন এবং আগামী শনিবার বাকি শুরা সদস্যদের নিয়ে পূর্ণাঙ্গ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা জানান। রাত ১০টা নাগাদ শুরার অন্যতম সদস্য মাওলানা নোমান ফয়েজী আন্দোলনরত শিক্ষার্থীদের সামনে শুরার এ সিদ্ধান্ত পাঠ করে শোনান। এখন পর্যন্ত যে দাবিগুলো মানার ঘোষণা এসেছে তা হলো-

১ মাদরাসার শিক্ষক মাওলানা আনাস মাদানীকে মাদরাসা থেকে অব্যাহতি দেওয়া।
২ আজ থেকে হাটহাজারীতে অধ্যয়নরত কোনো শিক্ষার্থীকে হয়রানী না করা।

তবে সবগুলো দাবি মেনে নেওয়ার আগ পর্যন্ত মাদরাসার ক্লাস ও পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম বন্ধ রাখার কথা জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এছাড়া এরকম ন্যায্য আন্দোলনে বাধা সৃষ্টি করা হলে দেশের সকল মাদরাসায় আন্দোলনের দাবানল জ্বলে ওঠবে এবং দাবি আদায়ে জেল-জুলুমসহ সকল প্রকার ত্যাগ স্বীকারের জন্যও ছাত্ররা প্রস্তুত বলেও জানিয়ে রেখেছেন আন্দোলনকারীরা।

অন্যদিকে শিক্ষার্থীদের এমন ন্যায্য আন্দোলন ঘিরে উদ্দেশ্যপ্রোণিতদিতভাবে মিথ্যাচার করছে দেশের হলুদ মিডিয়াগুলো। ইসলামবিদ্বেষী পত্রিকা *বিবিসি বাংলা* এক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখছে। দালাল ও দুর্নীতিমুক্ত শিক্ষাঙ্গন গড়ার ছাত্র-আন্দোলনকে তারা নেতৃত্ব বা ক্ষমতা দখলের লড়াই বলে উপস্থাপন করছে। হলুদ মিডিয়ার এমন নিকৃষ্ট আচরণের নিন্দা জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

সর্বশেষ তথ্যমতে, আন্দোলনকে দমিয়ে দিতে হাটহাজারী মাদরাসা বন্ধ ঘোষণা করার আভাস পেয়ে ছাত্ররা আজ বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটার দিকে আবারো আন্দোলনে নেমেছেন। তারা এখন শনিবারে অনুষ্ঠিতব্য শুরা বৈঠকের জন্য অপেক্ষা করতে নারাজ; বরং আজই শুরা সদস্যদের হেলিকপ্টারে নিয়ে এসে শুরা বৈঠক আয়োজনের দাবি জানিয়েছেন।

---

## সৌদি আরব 'ঠিক সময়ে' ইসরায়েলকে স্বীকৃতি দিবে: ট্রাম্প

বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতের পর সৌদি আরবও দখলদার ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মঙ্গলবার হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এমন কথা বলেন। খবর এএফপি'র।

মধ্যপ্রাচ্যের দুই আরব দেশের পদক্ষেপ সৌদিও অনুসরণ করবে কিনা জানতে চাইলে ট্রাম্প বলেন, আমি সৌদি আরবের সঙ্গে কথা বলেছি। সঠিক সময়ে এই সিদ্ধান্ত আসবে।

এ সময় তিনি আরও বলেন, সাত, আট বা নয়টির বেশি দেশ ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করবে।

এরইমধ্যে ইহুদিবাদী রাষ্ট্র ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিকীকরণে আনুষ্ঠানিক চুক্তি সই করেছে দুই গাদ্দার রাষ্ট্র বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাত।

হোয়াইট হাউসে মঙ্গলবার দুপুরে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপস্থিতিতে বহুল বিতর্কিত ইসরাইল-বাহরাইন চুক্তিটি স্বাক্ষরিত হয়।

দখলদার ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু, আমিরাতের পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল-নাহিয়ান ও বাহরাইনের পররাষ্ট্রমন্ত্রী আবদুল লতিফ আল জায়ানি নিজ নিজ দেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি স্বাক্ষর উপলক্ষে এদিন এক জমকালো অনুষ্ঠানের আয়োজন করেন ট্রাম্প। সংশ্লিষ্ট তিনটি দেশের প্রায় ৭০০ অতিথি উপস্থিত ছিল অনুষ্ঠানে।

---

## সন্ত্রাসী আওয়ামী বাহিনীর আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে আহত ৩৫

ঝিনাইদহে সন্ত্রাসী আওয়ামী বাহিনীর আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু'দল গ্রামবাসীর সংঘর্ষে অন্তত ৩৫ জন আহত হয়েছে। আজ সকালে হরিণাকুণ্ডু উপজেলার সোহাগপুর গ্রামে এ ঘটনা ঘটে।

হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানায়, দীর্ঘদিন ধরে ওই গ্রামের আওয়ামী লীগ নেতা আশরাফুল ইসলাম ও রুজদার আলীর মধ্যে সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলে আসছিল। আজ সকালে আশরাফুল ইসলাম বিরোধপূর্ণ স্থানীয় গজারিয়া বিলে মাছ ধরতে গেলে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এতে উভয় পক্ষের কমপক্ষে ৩৫ জন আহত হয়।

আহতদের উদ্ধার করে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিডি প্রতিদিন

---

## কয়েক ঘণ্টায় পেঁয়াজের দামে সেঞ্চুরি

পেঁয়াজের বাজারে নৈরাজ্যের পুনরাবৃত্তি হলো। গত বছর ভারত রপ্তানি বন্ধ করে দেওয়ার খবরে রাতারাতি যেভাবে দাম চড়ে গিয়েছিল, এবারও তাই হলো। ২৪ ঘণ্টার ব্যবধানে শতক পার করেছে পেঁয়াজের কেজি। সোমবার ভারত হঠাৎ পেঁয়াজ রপ্তানি বন্ধের কথা জানায়। এরপর দফায় দফায় দাম বেড়ে গতকাল পর্যন্ত খুচরা বাজারে দেশি পেঁয়াজ ১০০ টাকা পার হয়ে গেছে। আমদানি করা ভারতীয় পেঁয়াজের দামও বাড়িয়ে খুচরা বিক্রেতারা ৮০ টাকা কেজি পর্যন্ত বিক্রি করেন।

বাজার ঘুরে দেখা যায়, দাম বৃদ্ধির পাইকারি ও খুচরা সব বাজারেই রয়েছে। এর পেছনে একমাত্র কারণ হলো ভারত পেঁয়াজ রপ্তানি বন্ধ করে দিয়েছে।

উল্লেখ্য, দেশে পেঁয়াজের চাহিদার ৮০ শতাংশ আসে ভারত থেকে। গত বছর ১৩ সেপ্টেম্বর ভারত টনপ্রতি পেঁয়াজের দাম ন্যূনতম ৮৫০ মার্কিন ডলার নির্ধারণ করে দেয়। এরপর ৩০ সেপ্টেম্বর রপ্তানি বন্ধ করে। এরপর দেশের বাজারে পেঁয়াজের দাম বাড়তে বাড়তে তিন শ টাকা পর্যন্ত পৌঁছে।

কৃষি বিভাগের তথ্য অনুসারে, দেশে পেঁয়াজের চাহিদা বছরে ২৫ লাখ মেট্রিক টন। এর বিপরীতে ২৫ লাখ টনের বেশি উৎপাদন হয়েছে। পেঁয়াজ একটি পচনশীল পণ্য, প্রায় ২৫ শতাংশ পচে যায়। সেই হিসাবে পেঁয়াজের প্রকৃত উৎপাদন ১৯ লাখ টনের বেশি।

বাংলাদেশে ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন (বিটিটিসি) তথ্য অনুসারে, গত অর্থবছরে (২০১৯-২০) পেঁয়াজ আমদানি হয়েছে ৪ দশমিক ৫৯ লাখ মেট্রিক টন। এর আগে ২০১৮-১৯ অর্থবছরে পেঁয়াজ আমদানি হয়েছে ১০ দশমিক ৯১ লাখ টন। গত জুলাই ও আগস্ট মাসে আমদানি হয়েছে এক লাখ ৮৪ হাজার টন।

বাজার পরিস্থিতি : গতকাল দুপুরে কারওয়ান বাজারের পাইকারি বাজারে গিয়ে দেখা যায়, পেঁয়াজের বাজার বেশ চড়া। ক্রেতা-বিক্রেতারা চরম অস্থির। অবস্থা দেখে মনে হচ্ছিল, এক্ষুনি বুঝি বাজারের সব পেঁয়াজ শেষ হয়ে যাবে। তাই দামেও বারবার পরিবর্তন আসছিল। নতুন কেউ এসে বিক্রেতাদের কাছে দাম জানতে চাইলেই কেজিতে ৫-১০ টাকা বেশি চাইছেন। দুপুর ১২টায় বাজারে ঢুকে দেশি পেঁয়াজ ৪০০ টাকা পাল্লা (৮০ টাকা কেজি) দেখা গেল। ঘণ্টা দেড়েকের মধ্যে ৫০ টাকা বাড়িয়ে ৪৫০ টাকায় (৯০ টাকা কেজি) বিক্রি শুরু করলেন বিক্রেতারা। ২.৩০টায় বের হওয়ার সময় এক বিক্রেতার কাছে জানতে চাইলে ৫০০ টাকা পাল্লা (১০০ টাকা কেজি) দাম চাইলেন। একই অবস্থা আমদানি করা পেঁয়াজের দামেও। বিকেল পর্যন্ত কারওয়ান বাজারে আমদানি করা পেঁয়াজের দাম ওঠে ৩০০ টাকা পাল্লা বা ৬০ টাকা কেজি।

টিসিবির হিসাবে গত এক মাসে দেশি পেঁয়াজের দাম বেড়েছে ১৪০ শতাংশ। আর আমদানি করা পেঁয়াজের দাম বেড়েছে ১৮১ শতাংশ।

পেঁয়াজের বাজারে এমন অস্থিরতার মধ্যে গতকাল রাজধানীর ঢালি বাজার থেকে আলম নামের এক ক্রেতাকে দুই ব্যাগে মোট ১৫ কেজি পেঁয়াজ নিয়ে বাসায় ফিরতে দেখা গেল। আলম বলেন, 'গত বছরও সরকার বলেছিল মজুদ পর্যাপ্ত। কিন্তু তার পরও দাম বেড়ে ২৫০ টাকায় উঠেছিল। তাই এবার আর ভুল করব না।'

ঢাকার বাইরের পরিস্থিতি : রাজধানী ঢাকার বাইরে দেশের বিভিন্ন জেলা ও উপজেলায়ও পেঁয়াজের বাজার চড়া। দেশি পেঁয়াজ ৯০-১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। নাটোরের গুরুদাসপুরের চাঁচকৈড় হাটসহ বিভিন্ন বাজারে ৫০ টাকা কেজির পেঁয়াজ এক দিনে এক লাফে ১০০ টাকা হয়ে গেছে।

আমাদের নীলফামারী, লক্ষ্মীপুর, গাইবান্ধা, বেনাপোল (যশোর), ভালুকা (ময়মনসিংহ) ও গুরুদাসপুর (নাটোর) প্রতিনিধি এসব তথ্য জানিয়েছেন। বেনাপোল স্থলবন্দরের উপপরিচালক (ট্রাফিক) মামুন কবীর তরফদার বলেন, দুই দিন ভারত থেকে কোনো পেঁয়াজ আমদানি হয়নি। কালের কণ্ঠ

## ৪ দশকের মধ্যে বড় অর্থসঙ্কটে ভারত

৪১ বছর পর ভারতের গোটা আর্থিক বছরে আবার ফিরছে নেগেটিভ আর্থিক বৃদ্ধিহার। শুধু তাই নয়, স্বাধীনতার পর চলতি আর্থিক বছরে বৃহত্তম অর্থনৈতিক মন্দায় পড়তে চলেছে ভারত। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এই পূর্বাভাসই শুনিয়েছে তাদের সাম্প্রতিক রিপোর্টে। ২০২০-২১ আর্থিক বছরে আর্থিক বৃদ্ধির হার হতে পারে মাইনাস ৯ শতাংশ। শেষবার ভারতের আর্থিক বৃদ্ধিহার নেগেটিভ হয়েছে ১৯৭৯-৮০ আর্থিক বছরে। ওই বছর একদিকে ছিল চরম অনাবৃষ্টি এবং অন্যদিকে ইরানে বিপ্লবের কারণে তেলের আকাশছোঁয়া দাম। এই দুই সঙ্কটের কারণেই ওই বছর আর্থিক বৃদ্ধিহার হয়েছিল মাইনাস ৫.২ শতাংশ। যা ভারতের অর্থনীতিকে চরম সঙ্কটে ফেলেছিল। জনতা সরকারের অবশ্য তারপরই পতন ঘটে।

তবে সেটা ছিল দেশীয় অর্থনীতির আমল। ১৯৯১ সালে উদারীকরণের পর আজ পর্যন্ত কখনো নেগেটিভ জিডিপি গ্রোথের মন্দায় পড়তে হয়নি ভারতকে। করোনা ও লকডাউনের আগেই ভারতের আর্থিক বৃদ্ধিহার ছিল নিম্নগামী। যা সামলাতে নানাবিধ ব্যবস্থা নেয়ার চেষ্টা করেছে অর্থ মন্ত্রণালয়। কিন্তু লাভ হয়নি। ২০১৯-২০ আর্থিক বছরে আর্থিক বৃদ্ধিহার কমে হয়ে যায় ৪.২ শতাংশ। তার আগের বছর যা ছিল ৬.১ শতাংশ। করোনা ও লকডাউনের পর অর্থনীতি একপ্রকার বিপর্যস্ত। নতুন আর্থিক বছরের প্রথম ত্রৈমাসিকে আর্থিক বৃদ্ধিহার হয়েছে মাইনাস ২৩.৯ শতাংশ। আনলক পর্ব শুরু হলেও এখন পর্যন্ত সামগ্রিক জীবিকা, আর্থিক লেনদেন এবং শিল্প-বাণিজ্য স্বাভাবিক হয়নি। ফলে বিশেষ উন্নতির আশা করছে না কোনো অর্থনৈতিক রেটিং সংস্থা। এসঅ্যান্ডপি অথবা ফ্লিচ—সকলেই মাইনাস ১০ শতাংশের আশপাশে ভারতের আর্থিক বৃদ্ধিহার থাকবে বলে পূর্বাভাস দিয়েছে।

এই প্রেক্ষাপটে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) রিপোর্ট অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও উদ্বেগজনক। কারণ, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ভারতের প্রত্যেক রাজ্যে নানাবিধ পরিকাঠামো উন্নয়ন ও প্রকল্পে অর্থ দেয়। সুতরাং ভারতের আর্থিক বৃদ্ধিহার যদি উদ্বেগজনকভাবে নেগেটিভ হয়ে যায়, তাহলে আন্তর্জাতিক লগ্নি বিপুল ধাক্কা খাবে। ভারতের বৈদেশিক বাণিজ্য ঘাটতি চরমতম আকার নেবে। আর্থিক ঘাটতিও বাড়বে দ্রুত। এই সবকিছুর যোগফল, প্রভাব পড়বে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, জাপানের জাইকা ইত্যাদি ঋণ প্রদানকারী সংস্থাগুলোর লগ্নিতেও। জানা গিয়েছে, জাপানের সংস্থার সঙ্গে ইতিমধ্যেই বুলেট ট্রেন প্রকল্প নিয়ে মতান্তর শুরু হয়েছে। এবং মুম্বাই থেকে আমেদাবাদ বুলেট ট্রেন প্রকল্প অন্তত পাঁচ বছর পিছিয়ে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক ২০২০ শীর্ষক একটি রিপোর্টে এডিবি বলেছে, লাগাতার ও বিক্ষিপ্ত লকডাউনের ফলে ভারতে অর্থনৈতিক কাজকর্ম যেভাবে স্তব্ধ হয়ে গিয়েছে, সেটা থেকে ঘুরে দাঁড়াতে সময় লাগবে। বিপুল ক্ষতি হয়েছে অনেক সেক্টরে। এডিবি রিপোর্টে সবচেয়ে বেশি আশঙ্কা প্রকাশ করা হয়েছে অনুৎপাদী ঋণের পরিমাণ বিপুল বেড়ে যাওয়ার। অর্থাৎ এই লকডাউন ও অর্থনৈতিক স্তব্ধতার কারণে ব্যাংক ও আর্থিক সংস্থাগুলো থেকে গ্রহণ করা ঋণ পরিশোধ যথেষ্ট ধাক্কা খাবে। সরকার লকডাউনের সময় যেভাবে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা রাখতে নানাবিধ আর্থিক সহায়তা দিয়েছে, তার অবশ্য প্রশংসা করেছে এডিবি। রিপোর্টে বলা হয়েছে, গ্রামীণ জীবিকাকে কিছুটা সহায়তা করেছে ওই প্যাকেজ, কিন্তু অর্থনীতির ঝুঁকি এমন পর্যায়ে গেছে যে, দেশি-বিদেশি লগ্নি প্রবল ধাক্কা খাবে। এডিবি সুপারিশ করেছে কম আয়ের শ্রেণী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের

(লো ইনকাম গ্রুপ অ্যান্ড স্মল বিজনেস) বিশেষ সহায়তা আবশ্যক। সব মিলিয়ে আর্থিক গতিপ্রকৃতি দেখে এডিবির ধারণা, মাইনাস ৯ শতাংশের আশেপাশে থাকবে জিডিপি।

ভারতে প্রথম নেগেটিভ জিডিপি গ্রোথ হয়েছিল ১৯৫৭ সালে। এরপর ১৯৬৬ ও ১৯৭৩ সালেও হয়েছিল। ১৯৭৯ সালে শেষবার। কিন্তু কখনো এতটা খারাপ অবস্থা আসেনি। ১৯৭৯-৮০ আর্থিক বছরেই সবচেয়ে বেশি মন্দা দেখেছে ভারত, মাইনাস ৫.২ শতাংশ। এবার এডিবি ও অন্য আর্থিক রেটিং সংস্থা মনে করছে, বৃহত্তম আর্থিক বিপর্যয় আসছে—মাইনাস ৯ শতাংশ! নয়া দিগন্ত

---

## বাপেক্সে সমস্যা না থাকলেও উচ্চব্যয়ে কাজ পাচ্ছে রাশিয়ান গ্যাজপ্রম

দ্বিগুণেরও বেশি ব্যয়ে বাপেক্সের তিনটি গ্যাসকূপ খননের ঠিকাদারি পাচ্ছে রাশিয়ান কোম্পানি গ্যাজপ্রম। বাপেক্সের প্রতিটি কূপ খনন করতে যেখানে সর্বোচ্চ ব্যয় হয় ৮০ কোটি টাকা, সেখানে গ্যাজপ্রমকে দেয়া হবে ২ কোটি ১০ লাখ ডলার, যা স্থানীয় মুদ্রায় ১৮০ কোটি টাকা (প্রতি ডলার ৮৫ টাকা হিসেবে)।

অর্থাৎ তিনটি কূপ খনন করতে যেখানে বাপেক্সের ব্যয় হতো ২৪০ কোটি টাকা, সেখানে গ্যাজপ্রমকে দেয়া হবে ৬ কোটি ৩৬ লাখ ডলার, বা ৫৪০ কোটি টাকা। বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইনের আওতায় এই কাজ দেয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করেছে জ্বালানি সচিবের নেতৃত্বাধীন প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটি (পিপিসি)।

এ প্রস্তাব অনুমোদনের জন্য এখন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় হয়ে ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে যাবে। সেখানকার অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদন দেবেন প্রধানমন্ত্রী। পিপিসির সিদ্ধান্তের পর উচ্চপর্যায়ের এই অনুমোদনের প্রক্রিয়া শুরু করা হয়েছে বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

কূপ তিনটি হচ্ছে- শাহবাজপুর গ্যাসক্ষেত্রের অনুসন্ধান কূপ টবগি-১ এবং ভোলা নর্থের অনুসন্ধান কূপ ইলিশা-১ ও উন্নয়ন কূপ ভোলা নর্থ-২।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, দেশের অন্যতম সম্ভাবনাময় গ্যাসসমৃদ্ধ এলাকা দ্বীপজেলা ভোলা। এখানকার শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে বর্তমানে দৈনিক পাঁচ কোটি ঘনফুট গ্যাস তোলা হচ্ছে। ভোলা নর্থ নামে এখানে আরেকটি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। এই গ্যাসক্ষেত্রগুলোর মালিক রাষ্ট্রীয় তেল-গ্যাস অনুসন্ধান কোম্পানি বাপেক্স। দেশের স্থলভাগে তেল-গ্যাস অনুসন্ধানে বাপেক্স সাশ্রয়ী ও সফল বলে স্বীকৃত। এরপরও বাপেক্সের ভোলার দুই গ্যাসক্ষেত্রের তিনটি কূপ খননের কাজ বেশি ব্যয়ে দেয়া হচ্ছে রাশিয়ার রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান গ্যাজপ্রমকে।

বাপেক্সের এক দায়িত্বশীল সূত্র জানিয়েছে, গ্যাজপ্রমকে এখন যে তিনটি কূপ খননের কাজ দেয়া হচ্ছে সেগুলোও বাপেক্সের ভূতাত্ত্বিক কারিগরি নির্দেশনা (জিওলজিক্যাল টেকনিক্যাল অর্ডার বা জিটিও) অনুসরণ করে দেয়া। অর্থাৎ বাপেক্সের নির্ধারণ করে দেয়া স্থানেই (লোকেশন) গ্যাজপ্রম খনন করবে।

তা ছাড়া, বাপেক্স ওই সব এলাকায় দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক ভূকম্পন জরিপ করায় কূপ খননের জন্য প্রয়োজনীয় সব তথ্যই তাদের কাছে রয়েছে। কূপ খননের জন্য রিগসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং জনবলও বাপেক্সের আছে। এর একেকটি কূপ খনন করতে বাপেক্সের ব্যয় হবে সর্বোচ্চ ১ কোটি ডলার বা ৮৫ কোটি টাকা। (রিগ ভাড়া, জনবলের পিছনে ব্যয়, থার্ড পার্টির সেবাগুলোর ব্যয় প্রভৃতিসহ)।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, বিশ্বের জ্বালানি খাতে গ্যাজপ্রমের অনেক অভিজ্ঞতা থাকলেও এ কোম্পানি বাংলাদেশে তৃতীয় পক্ষের মাধ্যমে কাজ সম্পাদন করে। এতে মানসম্মত কাজ হয় না বলে বিভিন্ন সময় বাংলাদেশের রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর পক্ষ থেকে অভিযোগ তোলা হয়েছে।

গত ১০ বছরে গ্যাজপ্রম বাংলাদেশে অনুসন্ধান ও উন্নয়ন মিলিয়ে ১৭টি কূপ খনন করেছে। এর মধ্যে ভোলার দু'টি কূপ রয়েছে। কূপপ্রতি রাশিয়ার কোম্পানিটি গড়ে ১৫২ কোটি টাকা করে নিয়েছে পেট্রোবাংলার কাছ থেকে। যেখানে বাপেক্স নিজে কূপ খননে ব্যয় করে সর্বোচ্চ ৮০ কোটি টাকা।

ভোলার গ্যাসক্ষেত্র বেঙ্গল বেসিনভুক্ত। সেখানে যে ভূকাঠামোয় গ্যাস পাওয়া গেছে, তার ভূতাত্ত্বিক নাম 'স্টেটিগ্রাফিক স্ট্রাকচার'। দেশের অন্যসব গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে সুরমা বেসিনে। এই বেসিনের ভূতাত্ত্বিক নাম 'অ্যান্টি ক্লেইন স্ট্রাকচার'। ভোলার দুই গ্যাসক্ষেত্রে দুই ট্রিলিয়ন ঘনফুটের মতো গ্যাস রয়েছে। গ্যাসের মজুদ আরো বাড়ার সম্ভাবনা রয়েছে।

২০০৯ সালের ১১ মে থেকে শাহবাজপুর ক্ষেত্র থেকে গ্যাস উত্তোলন শুরু করে বাপেক্স। শাহবাজপুর ক্ষেত্র থেকে বর্তমানে ভোলায় দু'টি বিদ্যুৎকেন্দ্রে (২২৫ ও ৩৫ মেগাওয়াট) গ্যাস সরবরাহ করা হচ্ছে। এ ছাড়া স্থানীয় শিল্প ও আবাসিক গ্রাহকদেরও গ্যাস দেয়া হচ্ছে।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সূত্র জানায়, গ্যাজপ্রম গত বছরের ২৫ মে ভোলার ওই তিনটি (টবগি-১, ইলিশা-১ ও ভোলা নর্থ-২) খননের জন্য ৬ কোটি ৫০ লাখ মার্কিন ডলার দর প্রস্তাব করে। প্রস্তাবটি পর্যালোচনা করার জন্য একটি কারিগরি উপ-কমিটি গঠন করা হয়। এই উপ-কমিটি কয়েক দফা আলাপ-আলোচনা ও দর কষাকষি শেষে ৬ কোটি ৩৬ লাখ ডলার দর চূড়ান্ত করে তা পিপিসির কাছে উপস্থাপন করে। গত ২৭ আগস্ট জ্বালানি সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত পিপিসির সভায় এই দাম সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। গত ৯ সেপ্টেম্বর সভার কার্যবিবরণী প্রকাশ করা হয়েছে।

ওই সূত্র আরো জানায়, এই কূপ তিনটি খননে অস্বাভাবিক ব্যয়ের যুক্তি হিসেবে বলা হয়েছে যে ভোলা ক্ষেত্রে গ্যাসের চাপ (রিজার্ভার প্রেসার) বেশি, ৪৫০০ থেকে ৫০০০ পিএসআই থাকায় সেখানে কূপ খনন করা ঝুঁকিপূর্ণ। তা ছাড়া, এই কাজের জন্য গ্যাজপ্রমকে ড্রিলিং কন্ট্রাক্টরসহ ৬টি ইঞ্জিনিয়ারিং সেবা (ডিএসটি, সিমেন্টিং, মাড লগিং, ওয়ারলাইন লগিং, টেস্টিং অ্যান্ড কমপ্লিশন) বিভিন্ন স্থান হতে সংগ্রহ করতে হবে। কোভিড-১৯ জনিত পরিস্থিতির কারণে সমুদ্র ও আকাশপথে চলাচল স্বাভাবিক না থাকায় মালামাল ও জনবল আনা- নেয়ার ব্যয়ও বাড়বে।

তবে ওই সূত্র জানিয়েছে, কূপ তিনটি বাপেক্স খনন করলেও ওই ইঞ্জিনিয়ারিং সেবাগুলো তাদেরও একই প্রক্রিয়ায় সংগ্রহ করতে হয়। আর এই কাজের জন্য বিদেশ থেকে হাজার হাজার টন মালামাল আনা কিংবা শত শত লোক আনা-নেয়ারও কোনো বিষয় নেই যাতে মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় বেড়ে যাবে। নয়া দিগন্ত

## এবার গুলি করে তুলে নিয়ে গেল সীমান্ত সন্ত্রাসী বিএসএফ

সাতক্ষীরার কলারোয়া সীমান্তের ওপারে ভারতের অভ্যন্তরে বাংলাদেশি এক গরুর রাখাল গুলিবিদ্ধ হয়েছেন। গতকাল সোমবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ সুমন (২৫) কলারোয়া উপজেলার গয়ড়া গ্রামের মুজিবর রহমানের ছেলে।

আহত সুমনের খালাতো ভাই লাল্টু জানান, সীমান্ত পেরিয়ে ভারতে গরু আনতে গিয়ে সীমান্ত সন্ত্রাসী বিএসএফ'র গুলিতে আহত হয়েছেন সুমন।

লাল্টু বলেন, 'কলারোয়ার চান্দুড়িয়ার বিপরীতে ভারতের কালিঞ্চি ক্যাম্পের বিএসএফ জওয়ানদের হাতে সুমন গুলিবিদ্ধ হয়েছে বলে মোবাইলে ওপারের লোকজনের কাছ থেকে জেনেছি। গুলিবিদ্ধ হওয়ার পর প্রথমে বিএসএফ ক্যাম্পে ও পরে হাসপাতালে নিয়ে যায় বিএসএফ।'

তবে সুমন মারা গেছে না জীবিত আছে, তাৎক্ষণিক সেই বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। আমাদের সময়

---

## পাকিস্তান | টিটিপির জানবাজ মুজাহিদদের হামলায় ৩ এরও অধিক নাপাক সৈন্য নিহত

পাকিস্তান ভিত্তিক শীর্ষস্থানীয় জিহাদি দল তেহরিক-ই-তালেবান পাকিস্তানের জানবায মুজাহিদিন দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে পৃথক ২টি সফল হামলা চালিয়েছেন।

খবরে বলা হয়েছে, গত ১৫ সেপ্টেম্বর পাকিস্তানের বাজুর এজেন্সির হাশেম-সারপট্টি এলাকায় শরিয়তের দুশমন পাকিস্তানী মুরতাদ বাহিনীর উপর স্নাইপার হামলার ঘটনা ঘটে, এতে এক সৈন্য নিহত। পরে নিহত সৈন্যের লাশ নিতে ঘটনাস্থলে আসে নাপাক বাহিনীর আরো একটি দল, ফের মুজাহিদগণ উদ্ধারকারী সৈন্যদের টার্গেট করেও স্নাইপার হামলা চালান। যার ফলে আরো কতক সৈন্য মুজাহিদদের স্নাইপার হামলার শিকার হয়।

একই প্রদেশের মাজুড়ুব এলাকায় ১৬ সেপ্টেম্বর নাপাক বাহিনীর উপর আরো একটি হামলার ঘটনা ঘটে। এতে ২ সৈন্য নিহত হয়, বাকি সৈন্যরা ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যেতে সক্ষম হয়েছে।

তেহরিক-ই-তালেবান পাকিস্তানের কেন্দ্রীয় মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ উভয় হামলার দায় স্বীকার করেছেন।

---

## শাম | ড্রোন হামলায় শাহাদাত বরণ করলেন আল-কায়েদার শীর্ষ নেতা শাইখ সাইয়াফ আত-তিউনিসি রহ.

সিরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় ইদলিবে ড্রোন (চালকবিহীন বিমান) হামলায় শাহাদাত বরণ করলেন আল-কায়েদা সিরিয়ান শাখা তানযিম হুররাস আদ-দ্বীনের শীর্ষস্থানীয় একজন দায়িত্বশীল।

সিরিয়া ভিত্তিক একাধিক সংবাদ মাধ্যম জানিয়েছে, সুন্নি মুসলিমদের দখলে থাকা সিরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় ইদলিব প্রদেশে গত সোমবার একটি গাড়ি লক্ষ্য করে এ ড্রোন হামলা চালানো হয়। পরবর্তীতে জানা যায় যে, ড্রোন হামলার লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া গাড়িটি ছিলো শাইখ সাইয়াফ আত-তিউনিসি (রহিমাহুল্লাহ) এর। আর শাইখ সাইয়াফ আত-তিউনিসি (রহ.) ছিলেন আল-কায়েদা সিরিয়ান ভিত্তিক শাখা তানযিম হুররাস আদ-দ্বীনের শীর্ষস্থানীয় উমারাদের মধ্যহতে একজন। যার হাত ধরে বিজয় হয়েছিলো শামের অনেক শহর ও শহরতলি। অবশেষে তাঁর গাড়ি লক্ষ্য করে পরিচালিত উক্ত ড্রোন হামলায় তিনি শাহাদাত বরণ করেন। ধারণা করা হচ্ছে ক্রুসেডার মার্কিন বাহিনী এই ড্রোন হামলা চালিয়েছে।

এদিকে আল-কায়েদা সমর্থিত সিরিয়ান ভিত্তিক গণমাধ্যমগুলো দাবি করছে, এটা নিছক কোন ঘটনা নয়, কারণ শামের জিহাদকে বিতর্কিত করতে গাদ্দার দলগুলো শাইখকে বন্দী করার জন্য দীর্ঘদিন চেষ্টা চালিয়ে আসছিলো, কিন্তু তারা তাতে সফল হয়নি, ধারণা করা হচ্ছে এসকল গাদ্দারদের সহযোগিতায় শাইখের উপর এই ড্রোন হামলা চালানো হয়েছে। কেননা ইতিপূর্বেও এধরণের অনেক ঘটনা ঘটেছে।

এদিকে সিরিয়ায় আন্তর্জাতিক জিহাদি সংগঠন আল-কায়েদার অনুগত অনেকগুলো সংগঠন রয়েছে। সেগুলোর মধ্যে তুলনামূলক ছোট কিন্তু খুবই প্রভাবশালী একটি সংগঠন হচ্ছে তানযিম হুররাস আদ-দ্বীন। বর্তমানে দলটি ছোট হলেও ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর পাশাপাশি সিরিয়ার সর্ববৃহৎ বিদ্রোহী গ্রুপ হায়াত তাহরির আশ-শামও দলটিকে নিজেদের জন্য প্রতিদ্বন্দ্বী দল মনে করছে। দলটি একসময় আল-কায়েদার সাবেক সিরীয় শাখা জাবাত আল-নুসরা হলেও পরবর্তিতে দলটির মাঝে বড়ধরণের পদস্খলন দেখা দিলে দলটি থেকে পৃথক হতে থাকে জাবাত আল-নুসরার সত্যিকারের অনুসারীরা। এরপর তাঁরা ঐক্যবদ্ধ হয়ে গঠন করেন তানযিম হুররাস আদ-দ্বীন এবং ওয়া হাররিদীল মু'মিনিন অপারেশন রুম।

উল্লেখ্য যে, শাইখ সাইয়াফ আত-তিউনিসি (রহ.)ও আল-নুসরার একজন শীর্ষস্থানীয় সাবেক নেতা ছিলেন। শাইখ ছিলেন তিউনিসিয়ান একজন নাগরিক। যে ড্রোন হামলায় তিনি শাহাদাত বরণ করেছেন, সেটির বিষয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি যুক্তরাষ্ট্র বা অন্য কোন দেশ বা দল।

এদিকে অবজারভেটরির নেতা রামি আবদেল রহমান বলেছে, শাইখ সাইয়াফ আত-তিউনিসি (রহ.) এর গাড়িটা ঘায়েল হয়েছে 'নিনজা' R9X নামে পরিচিত একটি ক্ষেপণাস্ত্রের আঘাতে। এ ধরনের ক্ষেপণাস্ত্রের মাথায় বিস্ফোরকের পরিবর্তে অনেকগুলো ব্লেড ব্যবহার করা হয়। যা 'সমান্তরাল ক্ষতি' কমিয়ে আনে। সিরিয়ায় মুজাহিদদের বিরুদ্ধে বিমান হামলায় এর আগেও R9X ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র।

---

## সোমালিয়া | শাবাব মুজাহিদদের হামলায় ৭ মুরতাদ সৈন্য নিহত, আহত একাধিক

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের পরিচালিত এক হামলায় সোমালীয় মুরতাদ বাহিনীর ৭ সৈন্য নিহত এবং একাধীক সৈন্য আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর বরাতে জানা গেছে, ১৬ সেপ্টেম্বর সোমালিয়ার রাজধানী মোগাদিশুর একটি এলাকায় সোমালীয় মুরতাদ সরকারি বাহিনীর উপর উপর একটি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর ৭ সৈন্য নিহত এবং একাধিক সৈন্য আহত হয়েছে।

---

# ১৬ই সেপ্টেম্বর, ২০২০

## প্রস্তুতিহীন বাংলাদেশের পেঁয়াজে ভারতের ‘আগুন’

ভারত আকস্মিকভাবে রপ্তানি বন্ধের ঘোষণা দেয়ায় অতীতে যা হয়েছে, এবারও ঠিক সেই পরিস্থিতি। এবারও বাংলাদেশের কোনো প্রস্তুতি ছিল না।

রপ্তানি বন্ধের ঘোষণার পর সীমান্তে আসা ভারতীয় পেঁয়াজের ট্রাক আটকে দেয়া হয়। এলসির বিপরীতে পাইপলাইনে থাকা পেঁয়াজও পাওয়া যাচ্ছে না। সীমান্তের ওপারে বিভিন্ন পয়েন্টে পাঁচশর মতো ট্রাক আটকে দেয়া হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের আমদানিকারকরা। তারা জানান, প্রতি টন ২৫০ ডলার দরে এলসি খোলা হলেও এখন ওই ট্রাকগুলো ছাড় করাতে ৭৫০ ডলার করে দাবি করছেন ভারতীয় ব্যবসায়ীরা।

বেনাপোলে আমদানিকারক সোনালী ট্রেডার্সের মালিক রায়হান উদ্দিন বলেন, 'যেসব ট্রাক আটকে দেয়া হয়েছে সেগুলো আসলে কাগজে-কলমে আমাদের এখানে রপ্তানি হয়ে গেছে। তারপরও আমাদের পেঁয়াজ দেয়া হয়নি। আমাদের আগে কিছু জানানোও হয়নি।'

তিনি জানান, গোজাডাঙায় দুইশ, বেনাপোলে দেড়শ, হিলিতে একশ, সোনা মসজিদে দুইশ এলসি করা পেঁয়াজের ট্রাক আটকে দেয়া হয়েছে। ভারত রপ্তানি বন্ধের প্রধান কারণ হিসেবে তাদের অভ্যন্তরীণ ঘাটতির কথা বলছে।

বাংলাদেশে নতুন দেশি পেঁয়াজ উঠে নভেম্বরে। তার আগ পর্যন্ত বাংলাদেশকে প্রধানত আমদানির ওপরই নির্ভর করতে হয়। আর প্রায় পুরোটাই আমদানি হয় ভারত থেকে। গত বছর একই পরিস্থিতিতে মিয়ানমার, তুরস্কসহ কয়েকটি দেশ থেকে পেঁয়াজ আমদানি করে পরিস্থিতি সামাল দেয়ার চেষ্টা করা হয়। তারপরও দেশি পেঁয়াজ বাজারে আসা এবং ভারতীয় পেঁয়াজ আমদানি শুরুর আগে পরিস্থিতি স্বাভাবিক হয়নি।

টিসিবি পেঁয়াজের যে বাজার দর আজ (মঙ্গলবার) দিয়েছে তাতে দেখা যায়, দেশি পেঁয়াজ কেজি ১০০ টাকা। গত মাসে একই সময়ে এর কেজি ছিল ৬০ টাকা। আর আমদানি করা পেঁয়াজের এখন বাজার দর প্রতি কেজি ৮৫ টাকা। গত মাসে একই সময়ে ছিল ৫০ টাকা।

কলাবাগানোর খুচরা বিক্রেতা মিন্টু মিয়া জানান, দেশি পেঁয়াজ এখন ১১০ টাকা কেজি বিক্রি করছেন। একদিন আগেও ছিল ৬৫ টাকা। তারা এখন দেশি পেঁয়াজ পাইকারি কিনছেন ৯০ টাকা দরে। আর ভারতীয় পেঁয়াজ তারা এখন বিক্রি করছেন ৯০ টাকা কেজি দরে। একদিন আগে ছিল ৫০ টাকা কেজি। তিনি বলেন, 'ভারতীয় পেঁয়াজ বাংলাদেশে রপ্তানি বন্ধ হওয়ায় এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। দাম আরো বাড়বে বলে আশঙ্কা করছি।'

আব্দুর রহিম নামে আরেকজন দোকানদার বলেন, 'আমি আপাতত পেঁয়াজ বিক্রি বন্ধ রেখেছি। দেখি বাজার কোন দিকে যায়।'

পরিস্থিতি সামাল দিতে বাংলাদেশ তুরস্ক থেকে আমদানির পরিকল্পনা করছে। পাশাপাশি বাজারে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এখন পেঁয়াজের কোনো ঘাটতি নেই বলে মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের জানিয়েছেন বাণিজ্য সচিব ড. মোহাম্মদ জাফর উদ্দীন। তিনি বলেন, 'দাম বাড়ানো একটা কারসাজি। ভারত পেঁয়াজ রপ্তানি যে বন্ধ করবে এটা নিয়ে আমাদের কিছু জানায়নি। মন্ত্রণালয় এরইমধ্যে পেঁয়াজ অন্য দেশ থেকে যাতে দ্রুত আমদানি করা যায় তার জন্য এলসি খোলা সহজ করে দিয়েছে। আর পেঁয়াজের ওপর আমদানি শুল্ক শতকরা পাঁচ ভাগ প্রত্যাহারের জন্য

এনবিআরকে চিঠি দিয়েছে। পেঁয়াজের মজুত ও সরবরাহ মনিটরিং করে যাতে কোনো কৃত্রিম সংকট সৃষ্টি না করা হয় তা নজরদারির জন্য জেলা প্রশাসকদের চিঠি দেয়া হয়েছে। কেন্দ্রীয়ভাবে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। ১৩ সেপ্টেম্বর থেকে টিসিবি ৩০ টাকা কেজি দরে ট্রাকে করে পেঁয়াজ বিক্রি শুরু করেছে। তবে তা চাহিদার তুলনায় কম '

তবে পুরান ঢাকার পেঁয়াজের আড়ৎদার আব্দুল মাজেদ বলেন, 'ভারত পেঁয়াজ না দিলে তার প্রভাব বাজারে পড়বেই। কারণ, বছরে এই সময়ে আমদানির ওপর নির্ভর করতে হয়। আর আমরা যা পেঁয়াজ আমদানি করি তার প্রায় পুরোটাই ভারত থেকে আসা। তাই বিকল্প আমাদানি ছাড়া পরিস্থিতি স্বাভাবিক রাখার অন্য কোনো উপায় নেই।'

এ বছর পেঁয়াজ উৎপাদন হয়েছে ২৩ লাখ ৬৭ হাজার মেট্রিক টন। পেঁয়াজের চাহিদা ধরা আছে ২৫ লাখ ৫৭ হাজার মেট্রিক টন। এই দুই লাখ মেট্রিক টন ঘাটতির সাথে আরো সাত-আট লাখ টন ঘাটতি হয়। কারণ, উৎপাদিত পেঁয়াজের ৩০ ভাগ পচে যায় বা নানা কারণে নষ্ট হয়ে যায়। এই পুরো ঘাটতি আমদানির মাধ্যমেই মেটানো হয়। গত বছর বাংলাদেশ প্রায় ১১ লাখ টন পেঁয়াজ আমদানি করে।

এবার এ পর্যন্ত আমদানি করা হয়েছে চার লাখ ৫৯ হাজার মেট্রিক টন। এখন চাহিদা মেটাতে আরো কমপক্ষে সাত লাখ টন পেঁয়াজ আমানি করতে হবে। সেটা কোথা থেকে আনা যায় এবং কত দ্রুত আনা যায় তাই ভাবনার বিষয়। কারণ, দেশি নতুন পেঁয়াজ বাজারে আসবে আগামী নভেম্বর নাগাদ। -ডয়েচ ভেলে

---

## পশ্চিমবঙ্গে বোরকা পরায় মুসলিম নারীকে শপিং মলে ঢুকতে বাধা

ভারতের পশ্চিমবঙ্গে বোরকা পরায় শপিং মলে ঢুকতে বাধা দেওয়া হল এক মুসলিম নারী ও তার মেয়েকে। এ ঘটনায় স্থানীয় রামপুরহাট থানায় অভিযোগ দায়ের করেন ওই নারী।

জানা গেছে, রামপুরহাট পৌরসভার ভাড়শালার মুসলিম পাড়ার বাসিন্দা সামিনা বেগম, তার মেয়ে ও চার আত্মীয় মিলে সোমবার রাত ৮ নাগাদ রামপুরহাট দেশ বন্ধু রোডের একটি অত্যাধুনিক শপিং মলে যান।

কিন্তু অন্যান্য আত্মীয়দের ঢুকতে দেওয়া হলেও সামিনা বেগম ও তার মেয়েকে ঢুকতে বাধা দেওয়া দেয় মল কর্তৃপক্ষ।

তাদের জানানো হয়, এখানে বোরকা এলাওড না। তারা বাড়ি ফিরে যাওয়ার পর ওই ভদ্র মহিলার স্বামী কাউসার শেখ তাদের ফের শপিং মলে পাঠান। ফের তাদের একইভাবে ফিরিয়ে দেওয়া হয়। বলা হয় মাস্ক পরে আসতে।

মহিলাটি বলেন, বোরকা মুসলিম নরীদের ধর্মীয় লেবাস। তাই এভাবে বাধা দেওয়া যায় না। তাহলে বোরকা পরলে শপিং মলে যাওয়া যাবে না? আমি চাই, এভাবে যেন কাউকে অপমানিত হতে না হয়। উনি কি করে জানলেন যে বোরকার নিচে মাস্ক নেই? আর বোরকা থাকলে মাস্কের কী দরকার?

সূত্র: পুবের কলম

---

## যুক্তরাজ্যে বেকার হচ্ছেন তরুণেরা

দিশেহারা যুক্তরাজ্যের শ্রমবাজার। দুই বছরের মধ্যে সর্বোচ্চ অবস্থানে উঠে এসেছে বেকারত্বের হার। সরকারি তথ্য অনুযায়ী মে থেকে জুলাই এই তিন মাসে দেশটির বেকারত্বের হার দাঁড়িয়েছে ৪ দশমিক ১ শতাংশ। যা তার আগের তিন মাস ছিল ৩ দশমিক ৯ শতাংশ।

উল্লেখযোগ্য সবচেয়ে বেশি বেকার হয়ে পড়েছে তরুণ জনগোষ্ঠী। অন্য বয়সের তুলনায় ১৬ থেকে ২৪ বছর বয়সী কর্মক্ষম তরুণেরা সবচেয়ে বেশি কাজ হারিয়েছেন। চাকরি ধরে রাখার জন্য সরকারের ফারলো প্রকল্প শেষ হওয়ায় প্রতিষ্ঠানগুলো কর্মী ছাঁটাই করেই যাচ্ছে।

নতুন তথ্য অনুসারে, মে জুন জুলাই এই তিন মাসে অন্য সময়ের তুলনায় মোট কর্মক্ষম জনগোষ্ঠীতে ১ লাখ ৫৬ হাজার তরুণ কম ছিল। দেখা গেছে এই তিন মাসে অন্য বয়সের কর্মী চাকরিতে আবার ফিরে আসলেও তরুণদের ফিরে আসার হার কম।

মার্চ মাস থেকে যুক্তরাজ্যে কোম্পানিগুলোর বেতন কাঠামোতে প্রায় ৬ লাখ ৯৫ হাজার কর্মীর কোনো হদিস পাওয়া যায়নি। মার্চ থেকে করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে লকডাউন শুরু হয়েছিল যুক্তরাজ্যে।

এদিকে গতকাল বিবিসি অনলাইনের এক প্রতিবেদনে বলা হয়,অন্য মন্দার চেয়ে এবারের মন্দায় দ্বিগুণ ছাঁটাইয়ের পরিকল্পনা হয়েছে। কর্মী ছাঁটাই-অর্থনৈতিক মন্দার মাত্রা নিরূপণে এক অব্যর্থ সূচক। দেখা যাচ্ছে, ২০০৮ সালের আর্থিক মন্দার সময় যে পরিমাণ কর্মী ছাঁটাই করা হয়েছে, এবার মন্দায় তার দ্বিগুণের বেশি কর্মী ছাঁটাই হতে যাচ্ছে।

২০০৯ সালের জানুয়ারি-মার্চে যুক্তরাজ্যে ১ লাখ ৮০ হাজার কর্মী ছাঁটাইয়ের পরিকল্পনা করা হয়েছিল, আর এ বছরের মে থেকে জুলাই পর্যন্ত ৩ লাখ ৮০ হাজার কর্মী ছাঁটাইয়ের পরিকল্পনা করা হয়েছে। গবেষকেরা বলছেন, এবার শরৎকালের মধ্যে ছাঁটাই কর্মীর সংখ্যা ৭ লাখ ৩৫ হাজারে পৌঁছাতে পারে। ছাঁটাই হওয়া এই মানুষদের ভরণপোষণে সরকার নানা রকম পরিকল্পনা হাতে নিয়েছে। তাতে সরকারের ঋণ জিডিপিকে ছাড়িয়ে গেছে-দুই লাখ কোটি পাউন্ডের বেশি। প্রথম আলো

---

## নদীতে বেড়া দিয়ে আওয়ামী নেতাদের মাছ চাষ

প্রবহমান নদীকে ‘বদ্ধ জলাশয়’ দেখিয়ে ইজারা নেওয়া হয়েছে। নদীর তিন কিলোমিটার অংশে মাছ চাষ করতে দেওয়া হয়েছে আড়াআড়ি বেড়া। স্থানীয় লোকজনের নদীতে নামা নিষেধ। নদী দখল করে মাছ চাষের এমন

আয়োজন যশোর শহরের অদূরে মুক্তেশ্বরী নদীতে। তিন মাস ধরে আওয়ামী ক্ষমতাসীন দলের স্থানীয় কয়েকজন নেতা ও জনপ্রতিনিধি মিলে এভাবে মাছ চাষ করছেন বলে অভিযোগ উঠেছে।

যশোর শহরের দক্ষিণ দিক দিয়ে প্রবাহিত মুক্তেশ্বরী নদী। শহর থেকে চার কিলোমিটার দূরে সদর উপজেলার বালিয়া ভেকুটিয়া বাজার থেকে নদীতে বেড়া দেওয়া শুরু হয়েছে। সেখান থেকে দেড় কিলোমিটার দূরে আবরপুর ইউনিয়ন পরিষদ এলাকায় সেতুর পাশে আরেকটি আড়াআড়ি বেড়া দেওয়া হয়েছে।

সম্প্রতি সরেজমিনে দেখা যায়, মুক্তেশ্বরীর প্রবহমান ধারাটি সরু হয়ে গেছে। প্রস্থে কোথাও ১২০, কোথাও-বা ১৫০ ফুটের মতো। ইজারাদারের লোকজনকে ডিঙিনৌকা নিয়ে পাহারা দিতে দেখা যায়।

‘মুক্তেশ্বরী বাঁচাও আন্দোলন’ নামে স্থানীয় বাসিন্দাদের একটি কমিটি আছে। নদীটি দখলমুক্ত করে জনগণের জন্য উন্মুক্ত রাখতে তাঁরা দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে যাচ্ছে। কমিটির সদস্যসচিব আবদুল মাজেদ বলেন, প্রবহমান নদী কখনো ইজারা হতে পারে না। এটা জনগণের সম্পদ। এতে একমাত্র জনগণের অধিকার। সরকার কোনোভাবেই এটা ইজারা দিতে পারে না। অবিলম্বে ইজারা বাতিল করে নদীটি উন্মুক্ত রাখার দাবি জানান তিনি।

মুক্তেশ্বরী নদীকে ‘প্রবহমান নদী’ উল্লেখ করে ইজারা না দেওয়ার অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক বরাবর চিঠি দিয়েছিলেন পানি উন্নয়ন বোর্ড (পাউবো) যশোরের নির্বাহী প্রকৌশলী। গত বছরের ১৮ ফেব্রুয়ারি চিঠিটি দেওয়া হয়। কিন্তু সেই চিঠির তোয়াক্কা না করে তৎকালীন জেলা প্রশাসক মোহাম্মদ শফিউল আরিফ গত ৪ জুন জেলা জলমহাল কমিটির সভায় পাকদিয়া মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে তিন বছরের জন্য ভেকুটিয়া থেকে মন্ডলগাতি পর্যন্ত ১০৩ একর ৬৬ শতক নদী ইজারা দেন, যার বার্ষিক ইজারামূল্য ধরা হয় ৭ লাখ ১২ হাজার ৫০০ টাকা।

নাম প্রকাশ না করার শর্তে নদীতীরবর্তী একাধিক বাসিন্দা বলেন, নদীটি উন্মুক্তই ছিল। অনেকেই মাছ ধরতেন। তা ছাড়া গোসল, সেচ, পাট জাগ দেওয়াসহ বিভিন্ন প্রয়োজনে নদী ব্যবহার করতেন তারা। গত জুন থেকে নদীটা আর জনগণের নেই। ইজারাদারেরা মাইকে প্রচার করেছেন, ‘নদী ইজারা নেওয়া হয়েছে, জনসাধারণ কেউ যেন নদীর পানিতে না নামে।’ এরপর দু-একজন নদীতে নামলে তাদের মারধর করা হয়েছে। ভয়ে এখন কেউ নদীর ধারে যান না।

স্থানীয় বাসিন্দা ও মৎস্যজীবীদের সঙ্গে কথা বলে জানা গেছে, পাকদিয়া মৎস্যজীবী সমিতিতে ৪০ জন মৎস্যজীবী সদস্য আছেন। তাঁদের বেশির ভাগ নদী ইজারা নেওয়ার কথা জানেনই না। সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে ব্যবহার করে ক্ষমতাসীন দলের নেতারা নদীর ওই অংশ ইজারা নিয়েছেন।

ইজারা নেওয়া অংশে মাছ চাষের মোট অংশীদার ১৩ জন। এর মধ্যে মৎস্যজীবী সমিতির সভাপতি সরজিৎ বিশ্বাস ও সাধারণ সম্পাদক ঠাকুর দাস বিশ্বাসের দুটি অংশ। অপর ১১টি অংশ ক্ষমতাসীন দলের স্থানীয় নেতারা ভাগ-বাঁটোয়ারা করে নিয়েছেন। তাঁদের মধ্যে আবরপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য ও ৮ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি উজ্জ্বল রহমান, ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আশরাফুল ইসলাম, মীর ফিরোজ ইউনিয়ন যুবলীগের যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামের একটি করে অংশ রয়েছে।

জানতে চাইলে ইউপি সদস্য উজ্জ্বল রহমান বলেন, 'মাছ চাষের জন্য অনেক টাকাপয়সা লাগে। মৎস্যজীবীরা ওই টাকা দিতে পারেন না। এ জন্য আমরা তাঁদের সঙ্গে অংশীদার হয়েছি। ১৩টি শেয়ারের মধ্যে মৎস্যজীবীদের দুটি রয়েছে।'

আরবপুর ইউপির সদস্য ও ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম বলেন, 'মৎস্যজীবী সমিতি নদীতে মাছ চাষ করলে স্থানীয় মানুষ ঝামেলা করে। এ জন্য আমরা পাঁচ-সাতজন তাদের একটু দেখভাল করি।'

সাধারণ মানুষকে নদীতে নামতে না দেওয়া প্রসঙ্গে জানতে চাইলে পাকদিয়া মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি সরজিৎ বিশ্বাস বলেন, 'মানুষকে নদীতে নামতে দেব কেন? আমরা তো সরকারের কাছ থেকে লিগ্যালি (বৈধভাবে) নদী ইজারা নিয়ে অনেক টাকা খরচ করে মাছ ছেড়েছি। নদীতে কেউ যাতে না নামে, এ জন্য মাইকে প্রচার চালানো হয়েছে।'

বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) যশোর জেলার আহ্বায়ক খন্দকার আজিজুল হক বলেন, নদী মুক্ত, নদীর পানি যে পর্যন্ত যাবে, সে পর্যন্ত নদীর সীমানা। নদীতে বাঁধ দিয়ে মাছ চাষের কোনো সুযোগ নেই।

জানতে চাইলে বর্তমান জেলা প্রশাসক তমিজুল ইসলাম খান বলেন, নদীর এই অংশ আগেও ইজারা হয়েছে। ইজারা না দেওয়ার জন্য পাউবোর দেওয়া চিঠি ভূমি মন্ত্রণালয়ে পাঠানো হয়েছিল। কিন্তু মন্ত্রণালয় থেকে কোনো নির্দেশনা আসেনি। যে কারণে মৎস্যজীবীদের অনুকূলে নদী ইজারা দেওয়া হয়। প্রথম আলো

---

## জেরুসালেমে মসজিদ ভেঙে ফেলার ইসরায়েলি আদালতের নির্দেশ

ফিলিস্তিনের পূর্ব জেরুসালেম বা আল কুদস শহরের একটি মসজিদ ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে ইহুদিবাদী সন্ত্রাসীদের অবৈধ রাষ্ট্র ইসরায়েল।

ফিলিস্তিনের স্থানীয় গণমাধ্যম জানায়, মসজিদটি নির্মাণের ক্ষেত্রে ইসরায়েলের অনুমতি ছিলনা বলে দাবি করছে দখলদার আদালত ।

এদিকে গাজার ওয়াকফ এবং ধর্ম মন্ত্রণালয় সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইলের এমন হীন দাবিকে প্রত্যাখান করেছেন। তারা ওই আদেশের নিন্দা জানিয়েছে ইসরায়েলকে সতর্ক করেন।

গণমাধ্যমে খবরে বলা হয়েছে, এই আদেশকে চ্যালেঞ্জ করার জন্য সিলওয়ান শহরের বাসিন্দাদের ২১ দিন সময় বেঁধে দিয়েছে দখলদার কর্তৃপক্ষ। অন্যথায় 'কাকা বিন আমর' নামের ওই মসজিদ ভেঙে ফেলার হুমকি দেয় সন্ত্রাসী ইসরায়েল।

২০১২ সালে মসজিদটি তৈরি করা হয়। যেখানে শত শত মুসল্লি নামাজ আদায় করতে পারে। এর আগে ২০১৫ সালেও মসজিদটি ভেঙে ফেলার নির্দেশ দিয়েছিল ঘৃন্য ইহুদিরা। তবে তা বাস্তবায়ন করতে পারেনি দখলদার ইসরায়েল।

সূত্র : আল-আরাবি নিউজ

---

## ১১ দিনেও বাংলাদেশির মরদেহ ফেরত দেয়নি সীমান্ত সন্ত্রাসী বিএসএফ

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার তেলকুপি সীমান্তে ভারতীয় সীমান্ত সন্ত্রাসী বাহিনীর (বিএসএফ) গুলিতে বাদশাহ (২৭) নামে এক বাংলাদেশি যুবক নিহত হন। ১১ দিন পরও তার মরদেহ ফেরত দেয়নি বিএসএফ। নিহত বাদশাহ শিবগঞ্জ উপজেলার শাহবাজপুর ইউনিয়নের তেলকুপি গ্রামের রফিউদ্দিনের ছেলে।

শাহবাজপুর ইউপি চেয়ারম্যান মো. তোজাম্মেল হক এ বিষয়টি নিশ্চিত করেছেন। স্থানীয়দের বরাত দিয়ে তিনি জানান, গত ৫ সেপ্টেম্বর রাত ১১টার দিকে ভারতের পশ্চিমবঙ্গের মালদহ জেলার গোপালনগর ২৪ ক্যাম্পের বিএসএফ সদস্যদের গুলিতে বাদশাহ মারা যান। পরদিন ৬ সেপ্টেম্বর সকালে সীমান্ত থেকে বাদশাহ'র মরদেহ নিয়ে যায় বিএসএফ। এরপর বাদশাহ'র মরদেহ আর ফেরত দেয়নি তারা।

আমাদের সময়

---

## ভুয়া পরিচয়পত্রে ১ লাখ টাকা নিতো ইসির কর্মী

ঋণ নিয়ে আর ফেরত দেননি, কিংবা ক্রেডিট কার্ডের টাকা পরিশোধ করেননি—এমন লোকজন ছিল চক্রটির গ্রাহক। তাঁদের নতুন করে ঋণ পাইয়ে দিতে নতুন করে জাতীয় পরিচয়পত্র তৈরি করে দিতো তারা।

লালবাগ বিভাগের উপকমিশনার রাজীব আল মাসুদ বলেন, সুমন পারভেজ ও মজিদ ব্যাংকঋণ পাইয়ে দেবেন, এই শর্তে একেকজনের কাছ থেকে ৮০ হাজার থেকে ১ লাখ টাকা নিতেন। ঋণ হাতে পাওয়ার পর তাঁদের দিতে হতো মোট টাকার ১০ শতাংশ পর্যন্ত।

তদন্তে যুক্ত কর্মকর্তারা বলেছেন, যাঁরা দ্বিতীয় আরেকটি পরিচয়পত্র করিয়েছেন তাঁদের মধ্যে চিকিৎসক, প্রকৌশলীসহ বিভিন্ন পেশার ব্যক্তিরা রয়েছেন। এখন পর্যন্ত ২০-২৫টি পরিচয়পত্র জব্দ করা হয়েছে।

এসব পরিচয়পত্র ব্যবহার করে তাঁরা সিটি ব্যাংক, ইউসিবি ব্যাংক, এনআরবি ব্যাংক, ব্র্যাক ব্যাংক থেকে টাকা তুলেছেন। মো. মিল্টন নামের এক ব্যক্তি নর্থ সাউথ সড়কের সাউথ বাংলা ব্যাংক থেকে ৩ কোটি টাকা তুলে নিয়েছেন।

সুমন পারভেজ সাত-আট বছর আগে 'ভেরিফিকেশন ফার্মে' কাজ করতেন। ওই প্রতিষ্ঠানের কাজ ছিল কেউ ঋণ পাওয়ার যোগ্য কি না, তা যাচাই-বাছাই করা। পরে চাকরি ছেড়ে এই কাজে যুক্ত হন।

এই চক্রের অপর সদস্য মজিদের ঋণের দরকার পড়ায় তিনি সুমন পারভেজের সঙ্গে যোগাযোগ করেন। তারপর দুজন মিলে এই কারবারে নামেন।

কারও ঋণ প্রয়োজন হলে তাঁরা নির্বাচন কমিশনের খিলগাঁও অফিসের ডেটা এন্ট্রি অপারেটর সিদ্ধার্থ শংকর সূত্রধর ও গুলশান অফিসের মো. আনোয়ারুল ইসলামের সঙ্গে যোগাযোগ করতেন। এই দুজন জাতীয় পরিচয়পত্র তৈরি করে দিতেন।

একটি জাতীয় পরিচয়পত্র থাকার পরও আরেকটি জাতীয় পরিচয়পত্র কী করে তৈরি করা যায়, এমন প্রশ্নের জবাবে আসামিদের উদ্ধৃত করে পুলিশ জানায়, অপারেটররা এ জন্য একটি কৌশল অবলম্বন করেন।

যাঁরা দ্বিতীয় পরিচয়পত্র করিয়েছেন, তাঁরা জন্মসনদ, স্থানীয় জনপ্রতিনিধির কাছ থেকে নাগরিকত্বের সনদ ও বিদ্যুৎ বিল ডেটা এন্ট্রি অপারেটরের হাতে পৌঁছে দিতেন। তাঁরা অফলাইনে সব তথ্য, আঙুলের ছাপ নিয়ে পরিচয়পত্র অনুমোদনের জন্য পাঠিয়ে দিতেন। অনুমোদন হতে সময় লাগত সর্বোচ্চ ১৫-২০ মিনিট। তারপরই নতুন আরেকটি জাতীয় পরিচয়পত্র চক্রটির ঋণ নিতে ইচ্ছুক এমন লোকজনের হাতে তুলে দিতেন।

যে ব্যক্তির নামে নতুন জাতীয় পরিচয়পত্র দেওয়া হলো, তাঁর নামে আগে কোনো পরিচয়পত্র আছে কি না, তা যাচাই-বাছাই হতে মাস দুয়েক সময় লেগে যায়। ব্যাংকও টের পায় ঋণের কিস্তি পরিশোধের সময়। তারা নতুন জাতীয় পরিচয়পত্রের সূত্র ধরে খোঁজখবর করে আর তাঁকে (নতুন করে যিনি ঋণ নিয়েছেন) খুঁজে পায় না।

নির্বাচন কমিশন অফিসের ডেটা এন্ট্রি অপারেটর সিদ্ধার্থ ২০০৭ সাল থেকে জাতীয় পরিচয়পত্র তৈরির কাজ করে আসছিলেন। জিজ্ঞাসাবাদে তিনি বলেছেন গত বছর থেকে এই চক্রে জড়িয়েছেন।

গ্রেপ্তারকৃতদের মধ্যে আবদুল্লাহ আল মামুন জানিয়েছেন, দ্বৈত জাতীয় পরিচয়পত্র দিয়ে তিনি একবার ব্র্যাক ব্যাংকের গুলশান শাখা থেকে ৯ লাখ ২৫ হাজার টাকা ও সিটি ব্যাংক থেকে সাড়ে ৯ লাখ টাকা তুলেছিলেন। এরপর স্ত্রী রোজিনা রহমানের নামেও আরেকটি জাতীয় পরিচয়পত্র তৈরির কাজ করাচ্ছিলেন। প্রথম আলো

---

## পাকিস্তান | ইমরান খানের ঘনিষ্ঠ ও পিটিআই এর সহ-সভাপতি তাহির ইকবাল কে হত্যা করেছেন মুজাহিদিন

পাকিস্তান সরকার ইমরান খানের ঘনিষ্ঠ ও পিটিআই খাইবার পাখতুনখুনির সহ-সভাপতি তাহির ইকবাল এক হামলার নিহত হয়েছে।

খবরে বলা হয়েছে, গত ১৪ সেপ্টেম্বর পাকিস্তানের হরিপুর জেলায় তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) খাইবার পাখতুনখার সহ-সভাপতি মালিক তাহির ইকবালকে গুলি করে হত্যা করা হয়েছে। এই লোক ছিলো পাকিস্তানের বর্তমান সরকার ইমরান খানের ঘনিষ্ঠ লোক।

এদিকে তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ গতকাল নিহত হওয়া 'পিটিআই' সহ-সভাপতি তাহির ইকবালের হত্যার দায় স্বীকার করেছেন।

তিনি বলেন যে, এই ব্যক্তি ইসলাম ও শরিয়াহ বিরোধী কর্মকাণ্ডে জড়িত দলসমূহ এবং পাকিস্তানি মুরতাদ সেনাবাহিনীর সাথে সম্পর্ক রেখে কাজ করত, আর একারণে সে মুজাহিদদের টার্গেটে পরিণত হয়।

পাকিস্তানী হুকুমতের সাথে যুক্ত লোকদের উদ্দেশ্য করে তিনি বলেন, আমরা সকল সরকারী কর্মকর্তাদের কাছে এটা পরিষ্কার করে দিতে চাই যে, মুজাহিদদের বিরোধী নীতি তৈরি করা এবং যারা তা বানিয়েছে তাদের সমর্থন করা থেকে বিরত থাকুন। অন্যথায় এ জাতীয় ঘটনার জন্য প্রস্তুত থাকা উচিত।

---

## পাকিস্তান | পাক সৈন্য ভর্তি সামরিক ট্রাক লক্ষ্য করে টিটিপির হামলা, নিহত ও আহত অনেক

মার্কিন সহচর পাকিস্তানী মুরতাদ সামরিক বাহিনীর একটি ট্রাকে ২টি শক্তিশালী বোমা হামলার ঘটনা ঘটেছে, যার ফলে ট্রাকটি উপড়ে গিয়ে খাদে পড়ে যায়।

খবরে বলা হয়েছে, পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানের মাকিন সীমান্তের একটি এলাকায় পাকিস্তানি মুরতাদ সেনাবাহিনীর একটি ট্রাক লক্ষ্য করে দুটি দূরবর্তী শক্তিশালী রিমোর্ট কন্ট্রোল বোমা দ্বারা হামলা চালানো হয়েছে।

গত ১৪ সেপ্টেম্বর মাকিন সীমান্তের সেরনারাই এলাকায় এই হামলার ঘটনা ঘটেছিলো।

ঠিক এভাবেই 'ইসরায়েলী আমিরাত' দখলদার ইসরায়েলের পক্ষ নিয়ে মুসলিম জাতির বিরুদ্ধে বিশ্বাসঘাতকতার ধারাবাহিকতা অব্যাহত রাখছে। আমিরাত শুধুমাত্র ইসরায়েলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘৃণ্য অপরাধই নয় বরং, পুরো মুসলিম ভূখণ্ডের বিপক্ষে ইহুদি ও আমেরিকার স্বার্থে কাজ করছে।

মিডিয়া সংস্থাগুলো জানিয়েছে যে, 'আমিরাত ইয়েমেনি দ্বীপ সুকুত্রায় একটি গোয়েন্দা ও সামরিক ঘাঁটি স্থাপন করতে পরিকল্পনা করেছে। এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। আমিরাতের এ কাজে অবাক হওয়ারও কিছু নেই। আমেরিকা ও ইসরায়েলের বিশ্বস্ত দালাল আমিরাত ইতিপূর্বে 'ডিল অব দ্যা সেঞ্চুরি'র মাধ্যমে ইসরায়েলকে ক্ষমতাবান করেছে, মুসলিম ভূমি বিক্রি এবং ইরিত্রিয়ান দ্বীপপুঞ্জকে ইসরায়েলের জন্য মঞ্জুরের মাধ্যমে ফিলিস্তিনের উপর ইসরায়েলকে ক্ষমতা দিয়েছে। আগেও নিজ দেশ ইসরায়েলকে ব্যবহার করতে দিয়েছে, এখনও দিচ্ছে।

ইসরায়েল-আমিরাতের সম্পর্ক বহুকাল থেকেই ছিল। সম্প্রতি প্রকাশ্যে সম্পর্ক প্রকাশ করে। এমনকি আমিরাত এই চুক্তি নিয়ে গর্ববোধও করেছে।

আমরা প্রত্যক্ষ করছি, আমিরাত সুকুত্রা দ্বীপ ইহুদিদের ব্যবহার করার অনুমতি দিয়েছে। আমিরাত ট্রানজিশনাল কাউন্সিল গাদ্দারদের মতো সুকুত্রা দ্বীপ দখল করার পর ব্রিটেনের কুখ্যাত ক্রুসেডার বেলফোর নীতি অনুসরণ করার চেষ্টা করছে। ব্রিটেন ফিলিস্তিন দখল করার পর ইহুদিদের দিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল, অথচ তারা এটার অধিকারী ছিল না।

আমিরাতও একই নীতি অবলম্বন করে সুকুত্রা দ্বীপ দখল করে ইহুদীদের দিতে চাচ্ছে। ইহুদীদেরকে এই প্রতিশ্রুতি দিয়েছে বিশ্বাসঘাতক ইবনে জায়েদ।

সম্প্রতি আমরা জানতে পারছি দালাল আমিরাত-দখলদার ইসরায়েলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার ঘোষণা দিয়েছে। আমিরাতের এই ঘৃণ্য পদক্ষেপ এবং এ অঞ্চলে এর মতলব উম্মাহর কাছে স্পষ্ট। ইসরায়েল ও আমেরিকা প্রকাশ্যে বা গোপনে বহু গাদ্দার শাসকদের মাধ্যমে কাজ করছে। তারা শুধুমাত্র আড়ালেই নয়, প্রকাশ্যেই অবিরত মুসলিমদের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। তারা উম্মাহর শত্রু অভিশপ্ত ইহুদি এবং ক্রুসেডারদের শক্তিশালী করার জন্য সক্রিয়ভাবে চেষ্টা করছে। এই ষড়যন্ত্রে আজ যা ঘটছে তার সবই কুফর ও ক্রুশের পতাকাতলে সংঘটিত হচ্ছে।

আমরা এই বিবৃতিতে ঘোষণা করছি যে, ইয়েমেনের জনগণ ইয়েমেনকে স্বার্থান্বেষী ষড়যন্ত্র এবং ইসলামবিরোধী এজেন্ডার বাস্তবায়ন কখনোই মেনে নেবে না। আমরা ইয়েমেনের সুন্নি মুসলিম ভাইদের আহ্বান জানাচ্ছি, তারা যেন সংঘবদ্ধভাবে অথবা এককভাবে আমিরাত ও ইহুদি দখলদারিত্বের বিরুদ্ধে রুখে দাঁড়ান। আর যারাই আমিরাত ও ইহুদি দখলদারদেরকে লক্ষ্যবস্তুতে পরিণত করতে চান, তাদেরকে যেন তা করতে দেন। আমাদের মনে রাখতে হবে মুসলিমদেরকে এবং মুসলিমদের ভূমিগুলোকে হেফাজত করার কথা, আর মনে রাখতে হবে আল্লাহর ওয়াদার কথা।

আমরা ইহুদিদের স্বাগত জানাচ্ছি যে, ফিলিস্তিনে তোমরা আমাদের বন্দুকের নল থেকে অনেক দূরে থাকলেও তোমরা যদি সুকুত্রা দ্বীপে এসে পৌঁছাও তবে তোমরা এবং তোমার আমিরাতি বন্ধু আমাদের দ্রোহের কবলে

পড়বে। আমাদের দুর্বার সাহসী শাহাদাতপিয়াসী মুজাহিদিন থেকে তোমরা নিরাপদ থাকতে পারবে না ইনশাআল্লাহ্।

আমরা আল্লাহ্ তায়া'লার কাছে প্রার্থনা করছি, তিঁনি যেন আমাদেরকে তোমাদের বিরুদ্ধে সক্ষম করেন এবং তোমাদের প্রতিটি পাওনা যেন পরিপূর্ণভাবে বুঝিয়ে দিতে পারি সেই ক্ষমতা দান করেন।

আল্লাহ তাঁর কাজকর্মের উপর সর্বশক্তিমান এবং নিয়ন্ত্রণ রাখেন, কিন্তু আমার অধিকাংশই জানিনা। আমাদের সর্বশেষ প্রার্থনা আল্লাহ তায়ালার কাছেই যিনি সমস্ত বিশ্বের পালনকর্তা।

উল্লেখ্য যে, ইয়েমেনে সৌদি নেতৃত্বাধীন জোটের আগ্রাসন শুরুর তিন বছর পর অর্থাৎ ২০১৮ সালের ৩০ এপ্রিল সংযুক্ত আরব আমিরাত ইয়েমেনের সুকুত্রা দ্বীপ দখল করে নেয়। এরপর গত ১৩ আগস্ট মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করতে একটি চুক্তি স্বাক্ষর করেছে সংযুক্ত আরব আমিরাত। সম্পর্ক স্বাভাবিক করার পর প্রথমবারের মতো গত ৩১ আগস্ট সৌদি আরবের আকাশ পথ ব্যবহার করে বিমান চলাচল ও টেলিফোন যোগাযোগ শুরু করেছে আমিরাত ও ইসরায়েল। প্রসঙ্গত, ইয়েমেন আল কায়েদা শাখা প্রায় ৫ বছর ধরে হুতি সন্ত্রাসীদের পাশাপাশি সংযুক্ত আরব আমিরাত ও সৌদি জোটের বিরুদ্ধে লড়াই করে আসছেন। এই জোটবাহিনী যে মুসলিমদের শত্রু এবং ইসরায়েলের দালাল তা এখন মুসলিমদের কাছে সুস্পষ্ট।

---

## ক্যালিফোর্নিয়ায় দাবানলে মৃত্যু ১০ জনের

যুক্তরাষ্ট্রের উত্তর ক্যালিফোর্নিয়ায় দাবানলে কমপক্ষে ১০ জন মারা গেছেন এবং ১৬ জন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন স্থানীয় কর্মকর্তারা।

নিখোঁজদের সন্ধানে অভিযান অব্যাহত রয়েছে। আর এ বছরের সবচেয়ে ভয়াবহ এ দাবানলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে এক প্রতিবেদনে জানিয়েছে এপি।

চলতি বছরের দাবানলে পুড়ে গেছে বিপুল পরিমাণ বনাঞ্চল। এখনও অন্তত ২৪টি স্থানে দাবানল নিয়ন্ত্রণে কাজ করছেন ক্যালিফোর্নিয়ার কয়েক হাজার অগ্নিনির্বাপণ কর্মী।

দাবানলের পাশাপাশি ভয়াবহ তাপপ্রবাহ সৃষ্টি হয়েছে ক্যালিফোর্নিয়াতে। আগামী সপ্তাহ থেকে তাপমাত্রা কমে যাওয়ার পূর্বাভাস দেয়া হলেও তীব্র বাতাসে দাবানল আরও ছড়িয়ে পড়তে পারে বলে সতর্ক করেছে দেশটির আবহাওয়া দপ্তর।

তিন সপ্তাহেরও বেশি সময় ধরে জ্বলতে থাকা এ দাবানল বাতাসের প্রবল গতির কারণে অত্যন্ত দ্রুততার সাথে আশপাশে ছড়িয়ে পড়ছে। এক দিনের ব্যবধানেই প্রায় ২৫ কিলোমিটার এলাকা গ্রাস করেছে দাবানলের ভয়াবহ আগুন। পুড়ে ছাই হয়েছে হাজার হাজার বাড়িঘর।

লস অ্যাঞ্জেলেসের ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞানী ড্যানিয়েল সোয়াইন বলেন, 'এ আগুন অবিশ্বাস্যরকম দ্রুত হারে ছড়িয়ে পড়ছে। এটা ঐতিহাসিক, আগে কখনও এমন ঘটনা ঘটেনি।'

ক্যালিফোর্নিয়ায় দাবানলে এখন পর্যন্ত ২০ লাখ একর বনভূমি পুড়ে গেছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইন্টারএজেন্সি ফায়ার সেন্টার। নয়া দিগন্ত

---

## সীমান্তে হত্যা বন্ধের দাবিতে কুড়িগ্রাম পদযাত্রায় হানিফ

সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের হত্যা বন্ধের দাবিতে ঢাকা থেকে কুড়িগ্রাম অভিমুখে প্রতিকী লাশ নিয়ে একক পদযাত্রা শুরু করেছেন হানিফ বাংলাদেশী নামের এক ব্যক্তি। গত শুক্রবার বেলা ১১টার দিকে তিনি জাতীয় প্রেসক্লাবের সামনে কিছু সময় মানববন্ধন শেষে থেকে কুড়িগ্রামের অনন্তপুর সীমান্ত অভিমুখে তিনি এই একক যাত্রা শুরু করেন।

হানিফ বাংলাদেশী বেসরকারি একটি কোম্পানিতে চাকরি করেন। তার বাড়ি নোয়াখালীতে। তিনি নয়া দিগন্তকে বলেন, ভারত আমাদের প্রতিবেশী রাষ্ট্র। অথচ প্রতিনিয়ত ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশের নিরহ মানুষদের গরু চোর ও চোরাকারবারি হিসেবে গুলি করে হত্যা করছে।

কিন্তু এটা কখনো কাম্য হতে পারে না। যারা প্রকৃত অপরাধীরা তাদের গ্রেফতার করে যেন আইনের আওতায় আনা হয় সে দাবি করছি। কিন্ত, নিরীহ জনগণকে পাখির মতো গুলি করে হত্যা কাম্য হতে পারে না। এই লক্ষ্যেই আমি কুড়িগ্রামের অনন্তপুর সীমান্ত অভিমুখে একক পদযাত্রা শুরু করেছি। নয়া দিগন্ত

---

## দায় চাপানোর চক্রে তিতাস-ডিপিডিসি

নারায়ণগঞ্জের তল্লায় মসজিদে ভয়াবহ বিস্ফোরণের কারণ হিসেবে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি) লিমিটেডের গঠিত পৃথক তদন্ত কমিটি পরস্পরের কাঁধে দোষ চাপাতে চাইছে। তিতাসের তদন্ত কমিটি বলছে, বিদ্যুতের স্পার্কিংই বিস্ফোরণের জন্য দায়ী। আর ডিপিডিসির তদন্ত কমিটি বলছে, মসজিদে জমে থাকা গ্যাসের কারণেই অগ্নিকান্ডের সূত্রপাত।

তিতাসের তদন্ত কমিটির এক সদস্য গতকাল আমাদের সময়কে বলেন, মূলত বিদ্যুতের স্পার্কিং থেকে আগুন লেগে এমন ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে। নামাজের সময় লোডশেডিং হওয়ায় মসজিদের মধ্যে থাকা দ্বিতীয় বিদ্যুৎ লাইন চালু করার চেষ্টা করায় এমনটি হয়েছে। মসজিদের পাশে থাকা গ্যাসপাইপের লিকেজ থেকে অনেকদিন ধরেই মসজিদের ভেতরে গ্যাস প্রবেশ করছিল। মসজিদ কমিটি বা মুসল্লিদের মধ্যে কেউ এ নিয়ে সচেতন ছিল না। তারা অনেকদিন ধরে গ্যাসের গন্ধ পেলেও বিষয়টি গুরুত্বসহকারে নেয়নি।

দুর্ঘটনার সময় মসজিদের ভেতরটা গ্যাসে ভরা ছিল। দ্বিতীয় বিদ্যুৎলাইন চালু করার সময় বিদ্যুতের স্পার্কিং হওয়ায় আগুন লেগে যায় এবং এতগুলো মানুষ প্রাণ হারায়।

অন্যদিকে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি) লিমিটেড গঠিত তদন্ত কমিটির এক সদস্য বলছেন, গ্যাসপাইপের লিকেজ দিয়ে বের হওয়া গ্যাস থেকেই মূলত আগুন লেগেছে। বিদ্যুতের স্পার্কিং অগ্নিকান্ডের কারণ কিনা- এমন প্রশ্নে তিনি বলেন, বিদ্যুতের স্পার্কিং তো হতেই পারে। বিদ্যুতের কাজ করতে গেলে স্পার্কিং হয়, হতেই পারে। তিনি বলেন, সুইচ অন করার সময় বিদ্যুতের স্পার্কিং হওয়াই বৈদ্যুতিক ধর্ম। সেখানে যদি গ্যাসের উপস্থিতি না থাকত, তবে আগুন লাগার মতো দুর্ঘটনা ঘটত না।

এদিকে মসজিদে ভয়াবহ বিস্ফোরণের ৭ দিন পর গতকাল মসজিদটিকে নিরাপদ করতে এর দুপাশে থাকা গ্যাসের সংযোগ লাইন এবং বিদ্যুতের ট্রান্সফর্মার নিরাপদ দূরত্বে সরিয়ে নেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার সংশ্লিষ্ট কোম্পানির লোকজন দিনব্যাপী এ কাজে ব্যস্ত ছিলেন। মসজিদের পূর্ব-দক্ষিণ ও উত্তর পাশের গ্যাসের সংযোগ মসজিদের পাশ থেকে সরিয়ে ৩ ফুট দূরে এবং মসজিদের পূর্ব পাশে থাকা বিদ্যুতের ট্রান্সফর্মারটি ঘটনাস্থল থেকে ২শ গজ দূরে অপর একটি খুঁটিতে স্থাপন করা হয়।

এদিকে বিস্ফোরণের ঘটনায় চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিলে আরও সাত দিন সময় চেয়েছে জেলা প্রশাসন গঠিত তদন্ত কমিটি। গতকাল চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করার কথা ছিল।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গত বুধবার রাতে তিতাসের তদন্ত দল নিশ্চিত হয়, মসজিদের উত্তর পাশ দিয়ে যাওয়া তিতাসের একটি সংযোগ লাইন মসজিদ নির্মাণের সময় ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত সেই লাইনে ৬টি ছিদ্র হয়। ওই ৬টি ছিদ্র দিয়ে নির্গত গ্যাস ফ্রি স্পেস তৈরি করে মসজিদের ভেতরে ঢুকতে থাকে। তা থেকেই গত শুক্রবার রাতে ঘটে ভয়াবহ বিস্ফোরণ। এতে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত মারা যান ৩১ জন।

ঘটনার পর পরই ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স নারায়ণগঞ্জ কার্যালয়ের উপসহকারী পরিচালক আবদুল্লাহ আল আরেফিন জানিয়েছিলেন, তারা ঘটনার পর পরীক্ষা করে মসজিদের ভেতরে গ্যাসের লিকেজ পেয়েছেন। মসজিদের ভেতরে জমে থাকা গ্যাস বৈদ্যুতিক স্ফুলিঙ্গের সংস্পর্শে এসে অগ্নিকান্ডের সূত্রপাত হয়।

মসজিদ কমিটির অভিযোগ ছিলো, তিতাসকে গ্যাস লিকেজের কথা জানানোর পরও তারা তা মেরামত করেনি। বরং ৫০ হাজার টাকা ঘুষ চেয়েছে।

এদিকে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন ডিপিডির গঠিত তদন্ত কমিটির একজন কর্মকর্তা বলেছেন সেখানে লিকেজ হওয়া গ্যাস থেকেই মূলত আগুন লেগেছে। বিদ্যুতের স্পার্কিং থেকে আগুন কিনা জানতে চাইলে তিনি বলেন, বিদ্যুতের স্পার্কিং তো হতেই পারে। যে কোনো বাসাবাড়ি, দোকানপাট বা বিদ্যুতের কাজ করতে গেলে স্পার্কিং হয়। তিনি বলেন, যে কোনো সুইচ দিতে গেলে স্পার্কিং হবে, এটাই বৈদ্যুতিক ধর্ম। সেখানে যদি গ্যাসের উপস্থিতি না থাকত তবে আগুন লাগার মতো ঘটনা ঘটত না। আমাদের সময়

---

## চলতি মাসে আবারও সীমান্ত সন্ত্রাসী বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত

ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলার বেউরঝারী সীমান্তে সফিকুল ইসলাম (৩০) নামে এক বাংলাদেশি যুবককে গুলি করে হত্যা করেছে ভারতীয় সীমান্তসন্ত্রাসী বাহিনী (বিএসএফ)। গত বৃহস্পতিবার বেলা আনুমানিক সাড়ে ১১টায় সীমান্তের ৩৮০/৪-এস নম্বর পিলার এলাকার বিপরীতে ভারতের বড়বিল্লা বিএসএফ ক্যাম্পের টহলরত সদস্যরা তাকে লক্ষ্য করে গুলি ছোড়লে ঘটনাস্থলে তিনি নিহত হন। সফিকুল ইসলাম উপজেলার ছোট্ট চড়ই গেদী গ্রামের আব্দুল হকের ছেলে ।

স্থানীয়রা জানায়, নিহত সফিকুলসহ আরও কয়েকজন সকালে নাগর নদীতে মাছ ধরতে যায়। একপর্যায়ে তারা নদী থেকে উঠে সীমান্ত এলাকায় গেলে বিএসএফ তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। সঙ্গীরা কোন রকমে প্রাণে রক্ষা পেলেও ঘটনাস্থলেই নিহত হন দুই সন্তানের বাবা সফিকুল।

ঘটনার সত্যতা নিশ্চিত করে বালিয়াডাঙ্গী থানা ওসি হাবিবুল হক প্রধান বলেন, সে নদীতে মাছ ধরতে গিয়ে বিএসএফের গুলিতে নিহত হয়েছে।

ঠাকুরগাঁও-৫০ বিজিবি'র অধিনায়ক লেফন্যান্ট কর্নেল সহিদুল ইসলাম বলেন, ঘটনাটি সম্পর্কে তিনি অবগত আছেন। আমাদের সময়

---

## কাশ্মীরের স্বাধীনতা আন্দোলন দমাতে ভারত যেন প্যালেট গান ব্যবহার না করে: হিউম্যান রাইটস ওয়াচ

বিশ্ব মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের পক্ষ থেকে ভারতীয় হাই কমিশনকে বলা হয়েছে, জম্মু-কাশ্মীরের স্বাধীনতা আন্দোলন দমাতে তারা যেন প্যালেট গানের ব্যবহার আর না করে।

মুহাররম মাসে চলমান স্বাধীনতা আন্দোলনে সিকিউরিটি ফোর্স কর্তৃক প্যালেট গান চালালে বহু হতাহতের ঘটনা ঘটে এবং এতে দশম শ্রেণির এক ছাত্র চক্ষু হারায়। এর প্রতিক্রিয়ায় হিউম্যান রাইটস এই বিবৃত প্রদান করে।

হিউম্যান রাইটসের দক্ষিণ এশিয়ার মহাপরিচালক মিনাক্ষি গাঙ্গুলি বলেন, 'ভারতের আইন প্রণেতাদের পক্ষ থেকে বারবার কাশ্মীরীদের ওপর শর্টগান ব্যবহার করা হচ্ছে। এতে করে আন্দোলনকারীরা ভয়ংকরভাবে আহত হচ্ছেন। ভারতীয় হাইকমিশনের জানা উচিত, এর চেয়ে তীব্র আন্দোলন রুখতেও এই জাতীয় অস্ত্র ব্যবহার করা আন্তর্জাতিক আইনে নিষিদ্ধ।'

তিনি আরো বলেন, 'ভারতের নেতৃবৃন্দ জোর গলায় দাবি করেন, তাদের পলিসিতে কাশ্মীরবাসী উন্নত হচ্ছে। যদি তাই হয় তবে সিকিউরিটি ফোর্সের হাতে মানুষ হত্যা, চক্ষুহরণ ও নিয়মিত আক্রমণের দায় তারা কী করে এড়াবেন!' মিনাক্ষি আরো বলেন, 'ভারত সরকারের উচিত, আন্দোলন দমন নীতিমালা পুনর্বিবেচনা করে আন্তর্জাতিক আইন মেনে তা পুনর্গঠন করা।'

তিনি আরো বলেন, 'বিগত এক দশকে -যখন থেকে ভারত সরকার স্বাধীনতাকামীদের বিরুদ্ধে প্যালেট গান ও শর্ট গান ব্যবহার করছে- হাজারো কাশ্মীরী হতাহত হয়েছেন। বহুজনের চক্ষু হারানোর মতো অঙ্গহানি ঘটেছে।'

বিবৃতিতে আরো বলা হয়, 'ভারত সরকার দাবি করে তারা প্যালেট গানের ব্যবহার কেবল চরম মূহুর্তেই করে থাকেন। অথচ আন্তর্জাতিক আইনে চরম আন্দোলন রুখতেও এই গান ব্যবহার করার অনুমতি নেই।'

মিনাক্ষি আরো বলেন, 'কাশ্মীরে প্যালেট গান ব্যবহারের ফলে মানুষ যেমন আহত হচ্ছেন, ঠিক তেমনই নিহত হওয়ার ঘটনাও ঘটেছে। নিহতদের সুনির্দিষ্ট কোনো পরিসংখ্যান যদিও আমাদের হাতে নেই। তবে ২০১৮ সালের ফেব্রুয়ারিতে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের পক্ষ থেকে সংসদে উপস্থাপন করা হয়েছিলো যে, ২০১৫-২০১৭ সালের মাঝে কাশ্মীরে প্যালেট গানের দ্বারা ১৭ জন নিহত হয়েছে।'

বিবৃতিতে আরো বলা হয়, 'এক সূত্র মতে জুলাই ২০১৬ থেকে ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত প্যালেট গানের দ্বারা ১৩৯ জন কাশ্মীরী চক্ষু হারিয়েছেন।'

বিবৃতি মতে, 'কাশ্মীরের বর্তমান প্রধানমন্ত্রী মাহবুবা মুফতি ২০১৮ সালের জানুয়ারিতে বলেছিলো, জুলাই ২০১৬ থেকে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত কাশ্মীরে প্যালেট গানের আঘাতে ৬ হাজার ২শত একুশ জন আহত হয়েছেন। তন্মধ্যে ৭শত বিরাশি জন চোখ হারিয়েছেন।'

অবশেষে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা কাশ্মীরে ব্যবহৃত এই হাতিয়ারকে ভয়ংকর সাব্যস্ত করলো এবং এর ব্যবহার নিষিদ্ধকরণের জোর দাবি জানালো।

মিল্লাত টাইমস

---

## ১১ই সেপ্টেম্বর, ২০২০

### মালি | আল-কায়েদা মুজাহিদিনের হামলায় ৯ মুরতাদ সৈন্য নিহত

পশ্চিম আফ্রিকার দেশ মালিতে দেশটির মুরতাদ বাহিনীর উপর আল-কায়েদা মুজাহিদিনের এক হামলায় অন্তত ৯ সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে আরো ৬।

আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা সমর্থিত সংবাদমাধ্যম ও বেসরকারি একটি গণমাধ্যম জানিয়েছে, শুক্রবার দেশটির মধ্য সাইগু অঞ্চলে এ হামলা চালায় আল-কায়েদাভিত্তিক জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের মুজাহিদিন। হামলায় মালি মুরতাদ বাহিনীর ৯ সৈন্য নিহত হয়। আহত হয় আরো ৬। এছাড়াও হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর একটি গাড়ি।

## ইয়ামান | আল-কায়েদা মুজাহিদিনের হামলায় ৫ হুতি বিদ্রোহী নিহত

ইয়ামানে মুরতাদ হুতি বিদ্রোহীদের উপর আল-কায়েদা মুজাহিদিনের এক হামলায় ৫ হুতি শিয়া নিহত হয়েছে।

মুজাহিদদের পরিচালিত একটি সংবাদ মাধ্যম এবং এনওআরএসের বরাতে জানা গেছে, গতকাল ইয়ামানের বায়দা রাজ্যের শুকান অঞ্চলে এই হামলা চালানো হয়েছে। হামালায় শিয়া বিদ্রোহীদের ৫ সৈন্য নিহত হয়েছে, ক্ষতিগ্রস্থ হয়েছে মুরতাদ বাহিনীর ২টি গাড়ি।

---

## ৯/১১ কি সাজানো নাটক?

১১ই সেপ্টেম্বরের ঘটনাবলীর পর নানা ষড়যন্ত্র তত্ত্ব বিশ্ববাসীর চিন্তা ও কল্পনার জগতে স্থান করে নিয়েছে।ষড়যন্ত্র তাত্ত্বিকরা সিদ্ধান্ত নিয়েছেন এবং ঘোষণা করে দিয়েছেন সন্দেহাতীত ভাবে নিউইয়র্ক এবং ওয়াশিংটনের হামলাগুলো ছিল "ইনসাইড জব"। অর্থাৎআমেরিকার সরকারই এই হামলা গুলোর পেছনে ছিল।যেহেতু এই ষড়যন্ত্র তত্ত্ব গুলোতে কিছু বৈজ্ঞানিক ব্যাখ্যা ব্যবহার করা হয়েছিল, তাই সাধারন মানুষের কাছে এই তত্ত্বগুলো গ্রহণযোগ্যতা লাভ করে।

ধীরে ধীরে আমরা দেখলাম যেসমস্ত ব্যক্তিরা, অ্যালেক্স জোন্স এর মতো তাদের প্রিয় বিভিন্ন ষড়যন্ত্র তাত্ত্বিকদের আঁকড়ে আছেন তারা একটি নির্দিষ্ট উৎস থেকে উৎসারিত গুরুত্বপূর্ণ বেশ কিছু তথ্য-উপাত্ত, যা এই ষড়যন্ত্র তত্ত্বগুলোর সাথে সাংঘর্ষি*ক সেগুলো দেখেও না দেখার ভান করছেন অথবা ব্যর্থ হচ্ছেন। এই তথ্য-উপাত্তগুলো এই ষড়যন্ত্রগুলোর ভিত কাঁপিয়ে দেয় এবং এগুলোর প্রেক্ষিতে তাত্ত্বিক এবং তাদের উৎসাহী অনুসারীদের একমাত্র জবাব হয়ে দাঁড়ায় যে এগুলো আসলে "সিআইএ-র প্ল্যান" অথবা "জনগণকে বোকা বানানোর জন্য সরকারের চাল"। বিভিন্ন দুর্বল যুক্তির মাধ্যমে এভাবে তারা নিজেদের ষড়যন্ত্র তত্ত্বগুলোকে বাঁচিয়ে রাখতে চেস্টা করেন। এই উৎসটি, যার ছুড়ে দেয়া চ্যালেঞ্জ এবং যার পরিবেশিত তথ্য-উপাত্ত এইসব তাত্ত্বিকদের গলায় কাঁটার মতো বিঁধে আছে তার নাম হল আস-সাহাব মিডিয়া।

যায়নবাদী অথবা নির্বোধরা কোন ভিত্তিহীন উপসংহার টানার আগেই যেসব কুফফার ও মুনাফিকরা এ লেখা পড়বে তাদের জন্য আমি পরিষ্কার ভাবে বলতে চাইঃ

১) আমি আস-সাহাব মিডিয়ার সাথে কোন ভাবেই সম্পৃক্ত নই

২) আমি আস-সাহাব মিডিয়ার কোন সদস্যকে চিনি না। আমি এমন কাউকেও চিনি না যারা আস-সাহাব মিডিয়ার কোন সদস্যকে চেনেন।

৩)আস-সাহাব মিডিয়ার ব্যাপারে আমি তাই জানি, যা আমি জেনেছি, ক) তাঁদের নিজেদের প্রকাশিত ভিডিও ও বক্তব্য থেকে, খ)অন্যান্য দলের মুজাহেদীন তাঁদের নিজেদের অফিশিয়াল রিলিযের মাধ্যমে আস-সাহাবের ব্যাপারে যা যা বলেছেন তা থেকে, এবং গ) কাফিররা তাদের নিজদের ইন্টারভিউ ও ডকুমেন্টারিগুলোতে আস-সাহাবের ব্যাপারে যা বলে থাকে, সেগুলো থেকে।

৪)আমি কোন জিহাদী দল, আন্দোলন বা প্রতিষ্ঠানের সদস্যা না। আমি একজন স্বাধীন লেখক যিনি বিশ্বাস করেন ৯/১১ এর ব্যাপারে কিছু বিষয় পরিষ্কার করা প্রয়োজন।

আমি এ-ও পরিষ্কার করে বলতে চাই যে আমি কোন ভাবেই আমেরিকা সরকারের সাথে যুক্ত নই এবং আমি তাদের সাহায্য করার জন্য এই লেখা লিখছি না। বরং আমি আল্লাহ-র জন্য আমেরিকা ও আমেরিকার সরকারকে ঘৃণা করি এবং তাদের প্রতি শত্রুতা পোষণ করি এবং যতোদিন তারা তাগুতের ইবাদাত করবে এবং মুসলিমদের নিজস্ব বিষয়গুলোতে হস্তক্ষেপ করতে থাকবে ততোদিন এই ঘৃণা ও শত্রুতা বলবৎ থাকবে।

এই ব্যাপারগুলো পরিষ্কার করে নেয়ার পর আমি এখন নিম্নোক্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করতে চাই।

১) আস-সাহাব মিডিয়া যে সিআইএর কোন চাল না এ ব্যাপারে আমরা কিভাবে নিশ্চিত হব?

২) আমরা কিভাবে এ ব্যাপারে নিশ্চিত হব যে শাইখ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ ৯/১১ এর ঘটনা ঘটিয়েছিলেন? অ্যালেক্স জোন্স এবং তার মতো অন্যান্য যারা দাবি করে ৯/১১ একটি “ইনসাইড জব” ছিল, অথবা ইস্রাইলী মোসাদ ৯/১১ ঘটিয়েছে – তাদের প্রতি আমাদের জবাব কি হবে?

আমি আল্লাহ-র কাছে সাহায্য চাই এই কাজে আমাকে সহায়তা করার জন্য এবং আমার সত্যকে মানবজাতির কাছে পরিস্কার করে তোলার জন্য আমার লেখনীকে উপযুক্ততা দানের জন্য।

কিভাবে আমরা নিশ্চিত হবো আস-সাহাব মিডিয়া সিআইএর কোন চাল না এবং তথ্যসূত্র হিসেবে নির্ভরযোগ্য?

আমরা জানি আল্লাহ তা’আলা বলেছেনঃ

মুমিনগণ! যদি কোন পাপাচারী ব্যক্তি তোমাদের কাছে কোন সংবাদ আনয়ন করে, তবে তোমরা পরীক্ষা করে দেখবে, যাতে অজ্ঞতাবশতঃ তোমরা কোন সম্প্রদায়ের ক্ষতিসাধনে প্রবৃত্ত না হও এবং পরে নিজেদের কৃতকর্মের জন্যে অনুতপ্ত না হও।

[আল হুজুরাত, আয়াত ৬]

এই আয়াতটির দ্বারা আমাদের আলোচনা শুরু করার কারণ হল, আমি মনে করি এই আয়াতের আলোকেই আমাদের এই বিষয়টি নিয়ে অগ্রসর হওয়া উচিত। একদল মুসলিমের প্রতি সন্দেহের বশবর্তী হয়ে খারাপধারণা করার পরিবর্তে আমাদের দায়িত্ব হলউপরোক্ত আয়াতে উল্লেখিত মূলনীতির উপর ভিত্তি করে আমাদের বিভিন্ন প্রমাণগুলো পরখ করা। কারণ আমরা যদি এই মূলনীতি না অনুসরণ করি তবে আমরা হয়তো তাদের অন্তর্ভুক্ত হয়ে যাবো যাদের ব্যাপারে আল্লাহ বলেছেন, “যাতে অজ্ঞতাবশতঃ তোমরা কোন সম্প্রদায়ের ক্ষতিসাধনে প্রবৃত্ত না হও” – এবং হয়তো আমরা তাওবাহ করার সুযোগ পাবো না।

তাই আসুন আমরা আমাদের আলোচ্য বিষয় নিয়ে আলোচনার ক্ষেত্রে এই মূলনীতি অবলম্বন করেই অগ্রসর হই।

সাধারণত মুসলিম হিসেবে আমাদের দায়িত্ব হল যে বিষয়গুলোর ব্যাপারে আমাদের সরাসরি জানার সুযোগ নেই সেগুলোর ক্ষেত্রে আমাদের বিশ্বাসযোগ্য ও মুত্তাকী মুসলিম ভাইদের কথা সত্য বলে গ্রহন করা। যদি একই

বিষয়ে কোন কাফির বিপরীত কোন দাবি করে তবে সুপস্ট প্রমান না পাওয়া পর্যন্ত আমরা কাফিরের দাবিকে আমলে নেব না। এটা এমন একটি মূলনীতি যা মুসলিম হিসেবে অনুসরন করা বাঞ্ছনীয়। যদি কাফির তার দাবির সপক্ষে কিছু প্রমান উপস্থাপন করে , যেমন ৯/১১ নিয়ে কিছু ষড়যন্ত্র তত্ত্বের ক্ষেত্রে ঘটেছে, সেক্ষেত্রে মুসলিম হিসেবে আমাদের করণীয় হল এই দাবির প্রেক্ষিতে মুসলিমরা কি জবাব দিয়েছে, সেটা জানার চেস্টা করা। আর যদি কাফিরদের দাবির বিপরীতে মুসলিমরা কোন জবাব না দিয়ে থাকেন, তাহলে আমাদের উচিত আমাদের মুসলিম ভাইদের বক্তব্য বিশ্বাস করা। অবশ্যই আমরা আমাদের নিজেদের মনে প্রমাণের ভিত্তিতে জন্ম নেয়া এসব প্রশ্নকে স্থান দিতে পারি। কিন্তু মুসলিম ভাইদের কাছ থেকে জবাব পাওয়া ও যাচাই করে নেয়ার আগে তাদের বক্তব্যকে প্রত্যাখান করা বা সন্দেহ সৃষ্টি করা একেবারেই অনুচিত। এরকম করার কারন হল অনেক ক্ষেত্রেই কৌশলগত কারণে আমাদের মুসলিম ভাইরা কিছু তথ্য পাবলিকলি প্রকাশ করা থেকে বিরত থাকেন পারেন।এ অবস্থানের ব্যাপারে আমাদের সবার স্বচ্ছ ধারণা থাকা দরকার।

এবার তাহলে আস-সাহাব মিডিয়ার দিকে দৃষ্টি ফেরানো যাক। প্রথমে আস-সাহাব মিডিয়া কি, এতা পরিষ্কার করে নেয়া দরকার।

১) আস-সাহাব মিডিয়া হল আল-কা'য়িদার অফিশিয়াল মিডিয়া উইং। প্রথম দিকে তাদের রিলিযগুলোর মান অতোটা ভালো না হলেও পরবর্তীতে তাঁরা জিহাদী মিডিয়ার ক্ষেত্রে উৎকর্ষতা অর্জন করতে সক্ষম হন।

২) তাঁদের মিডিয়া রিলিযগুলো মূলত ভিডিও, লিখিত ও অডিও বক্তব্য এবং সংক্ষিপ্ত বিজ্ঞপ্তির মধ্যে সীমাবদ্ধ।

৩)আস-সাহাব মিডিয়ার মূল উদ্দেশ্য উম্মাহ-র মধ্যে জিহাদ ফী সাবিলিল্লাহ-র ফারযিয়্যাত পালনের আকাঙ্ক্ষা ও স্পৃহাকে পুনরুজ্জীবিত করা।আস-সাহাব মিডিয়া জিহাদের মহান ফরয দায়িত্ব পালনের সুন্নাহ অনুযায়ী যে বিশুদ্ধ পদ্ধতি উপস্থাপন করার লক্ষ্যে কাজ করে। অহংকার, জাতীয়তাবাদ, শিরক, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, রিদ্দা, জাহিলিয়্যাত, এবং কাপুরুষতার বেড়াজাল ছিন্ন করে এই মহান ইবাদাত ও দায়িত্ব পালনের ডাক উম্মাহ-র কাছে পৌঁছে দেয়া আস-সাহাবের লক্ষ্য। তাঁরা বুদ্ধিবৃত্তিক ও শার'ঈ উভয় দিক থেকেই জিহাদ পালনের এই ধারাকে পুনরুজ্জীবিত করতে চান।

৪) তাঁদের অধিকাংশ ভিডিওর বিষয়বস্তু হল আফগানিস্তানে ন্যাটো-আমেরিকার দখলদারিত্বের বিরুদ্ধে এবং যেসব মুরতাদ কাফিরদের এই কাজে সাহায্য করে, তাঁদের বিরুদ্ধে পরিচালিত বিভিন্ন সামরিক অভিযান।

৫) শাইখ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ, শাইখ আইমান আল যাওয়াহিরী হাফিযাহুল্লাহ কিম্বা অন্যান্য মুজাহিদীন নেতারা যখন কোন বক্তব্য দিতে চান তখন আস-সাহাব মিডিয়া তাঁদের জন্য প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে থাকে।

৬) তাঁরা শতাধিক ভিডিও প্রকাশ করেছে। শুধুমাত্র ২০০৭ এই তাঁরা নব্বইটির বেশী ভিডীও প্রকাশ করেছে। এগুলোর অধিকাংশের বিষয়বস্তু আল-কা'য়িদা ও তালিবানের বিভিন্ন সামরিক অপারেশান।

এবার দেখা যাক আস-সাহাব মিডিয়ার বিশ্বাসযোগ্যতা সম্পর্কে আমরা কি কি জানি। ইতিমধ্যে আমরা বলেছি যে সব বিষয়ে সরাসরি জানা বা অনুসন্ধান করা আমাদের আয়ত্তের বাইরে, সেইসব ক্ষেত্রে আমাদের নীতি হবে আমাদের দৃশ্যত বিশ্বাসযোগ্য ও মুত্তাকী ভাইদের বক্তব্যকে গ্রহণ করে নেয়া।

আস-সাহাব মিডিয়ার দৃশ্যত মুত্তাকী* হবার প্রমাণ কি?

[*আমরা এখানে মুত্তাকী হবার ব্যাপারে দৃশ্যত বলছি কারণ কোন ব্যক্তির তাকওয়ার অবস্থা সম্পর্কে প্রকৃত জ্ঞান একমাত্র আল্লাহ রাখেন। আমাদের পক্ষে সম্ভব না একজন ব্যক্তির বুক চিরে তাঁর তাকওয়ার প্রকৃত পরিমাণ পরিমাপ করা। তাই এ ব্যাপারে শারীয়াহ-র নীতি হল বাহ্যিক অবস্থা দেখে বিচার করা। এজন্য আমরা "মুত্তাকী"-র পরিবর্তে "দৃশ্যত মুত্তাকী" শব্দযুগল ব্যবহার করছি।*]

আস-সাহাব মিডিয়াকে দৃশ্যত মুত্তাকী করার পেছনে বেশ কিছু কারণ আছে।

১) আস-সাহাব মিডিয়ার ভিডিও গুলোতে আমরা সেসব ইসলামী বিষয়ে আলোচনা দেখি যা উম্মাহ-র জন্য গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে আস-সাহাব মিডিয়া কঠোরভাবে ইস্লামী বিধিনিষেধ মেনে চলে। তাঁরা যেকোন ধরনের হারাম সঙ্গীত-বাজনা এবং দৃশ্য দেখানো থেকে বিরত থাকেন। এমনকি তাঁরা নারীদের অবয়ব ঝাপসা করে দেন। এছাড়া তাঁদের বক্তব্য ও বিবৃতিতে তাঁরা কুফর, শিরক ও বিদ'আ মুক্ত সঠিক আকী'দা কথা বলে থাকেন। অবশ্যই কিছু বিষয়ে তাঁদের অবস্থানের সাথে কোন কোন মুসলিমের দ্বিমত থাকতে পারে। যেমন আমালী ইস্তিশাদী বা ফিদায়ী হামলা এবং আমেরিকাকে আক্রমন করার ব্যাপারে তাঁরা কুর'আন ও সুন্নাহ থেকে যেসব দালীল উপস্থাপন করে থাকেন সেগুলোর ব্যাপারে। এই বিষয়গুলো গুলো নিয়ে মতপার্থক্য থাকা জায়েজ। তাই আমরা অন্যত্র আলোচনা বা বিতর্ক করতেই পারি। কিন্তু সব মিলিয়ে আমরা তাঁদের বক্তব্যের মধ্যে উম্মাহ-র জন্য ক্ষতিকর এবং শারীয়াহ-র দৃষ্টিতে বাতিল কিছু দেখি না। বরং তাঁদের ভিডিওগুলোতে জিহাদ ফী সাবিলিল্লাহ-র প্রতি ভালোবাসা ও জিহাদ করার ধারাকে পুনরুজ্জীবিত করার মাধ্যমে মুসলিম উম্মাহকে পুনরায় মর্যাদা ও ক্ষমতার আসনে আসীন করার একান্ত প্রচেষ্টাই আমরা দেখতে পাই।

২) আমরা জানি আস-সাহাব হল আল কা'য়িদা। কারণ আস-সাহাব হল আল-কা'য়িদার মিডিয়া শাখা। এটা কোন আলাদা স্বাধীন সংগঠন না। তাই আস-সাহাব যখন যুদ্ধরত যোদ্ধাদের ফুটেজ দেখিয়ে থাকে – যেমন শায়খ আবু ইয়াহিয়া আল লিবী রাহিমাহুল্লাহ, নাসির আল কাহতানী প্রমুখ ব্যক্তির – তখন প্রকৃত পক্ষে তাঁরা জিহাদরত আল-কা'য়িদার মুজাহেদীনদের ফুটেজ দেখাচ্ছেন। এখন আসুন দেখা যাক এসব ভিডিও থেকে এসব মুজাহেদীনের তাকওয়ার বাহ্যিক প্রকাশ সম্পর্কে আমরা কি দেখতে পাইঃ

ক) তাঁরা সালাত আদায়কারী। আমরা তাঁদের যোদ্ধাদের পাঁচ ওয়াক্ত সালাতের পাশাপাশি তাহাজ্জুদের সালাত আদায় করতেও দেখি।

খ) তাঁরা কুর'আন তিলাওয়াতকারী। আমরা তাঁদের যোদ্ধাদের কুর'আন তিলাওয়াত সহ অন্যান্য দ্বীনি কিতাব অধ্যায়নরত অবস্থায় দেখি।

গ) তাঁরা 'ইলম অন্বেষণকারী। আমরা তাঁদের যোদ্ধাদের তাজউয়ীদ, ফিকহ সহ দ্বীনের বিভিন্ন বিষয়ে 'ইলম অন্বেষণ ও চর্চারত অবস্থায় দেখি।

ঘ) আমরা তাঁদের যোদ্ধাদের ইসলামী ভ্রাতৃত্ববোধ মেনে চলতে দেখি। তাঁদের যিকর, তিলাওয়াত, নিজেদের মধ্যে হাসিঠাট্টা ও খেলাধুলার মাধ্যমে একে অপরের প্রতি আল্লাহ-র ওয়াস্তে ভালোবাসা দৃশ্যমান হয়।

ঙ) আমরা তাঁদের মধ্যে দেখি দ্বীনের জন্য গীরাহ, জযবা এবং তীব্র ভালোবাসা। তাঁদের কেউই নিজেদের জীবন সম্পর্কে হতাশ হয়ে, আত্মহত্যার জন্য এই পথে আসেন নি। বরং তাঁরা এসেছেন কারণ তাঁরা বিশ্বাস রাখেন তাঁদের রাব্ব-এর উপর এবং বিচার দিবসের উপর। তাঁরা এসেছেন ইজ্জাহ ও কু'আহ এর একটি সম্মানিত জীবন ও শহীদ হিসেবে সর্বোত্তম মৃত্যু লাভের আশায়।

চ) তাঁরা উম্মাহকে গভীরভাবে ভালোবাসে। তাঁরা চান এই উম্মাহ যেন আবার মানবজাতির নেতৃত্বের পদে অধিস্টিত হতে পারে। কেউ কেউ হয়তো বলবেন, তাঁরা উম্মাহকে ভালোবাসে না কারণ তাঁরা স্বেচ্ছায় মুসলিমদের হত্যা করেন। এই অভিযোগের ব্যাপারে আমাদের উত্তর হল, প্রথমত, মুসলিম বলতে আপনি কি বোঝান সেটা পরিষ্কার করুন।কারণ মুসলিম বলে আপনি গুপ্তচর বা আফগান আর্মির মত, ঐসব লোকদেরকে বুঝিয়ে থাকেন যারা মুজাহেদীনের বিরুদ্ধে কুফফারকে সহায়তা করে, তাহলে না, আল্লাহ-র কসম ! এই লোকেরা মুসলিম না। আপনি যদি বেসামরিক জনগণকে বুঝিয়ে থাকেন, তাহলে জেনে নিন যে তাঁরা স্বেচ্ছায় তাঁদের হত্যা করেন না। হয়তো এমন হতে পারে কোন একটি অপারেশান চলাকালীন সময়ে কোন একজন মুসলিম সেই জায়গা অতিক্রম করছিলেন এবং দুর্ঘটনাবশত মারা গেছেন। কিন্তু এটাকে কোনভাবেই স্বেচ্ছায় মুসলিমদের হত্যা করা বলা যায় না। এর প্রমাণ হল তাঁরা যদি আসলেই মুসলিমদের স্বেচ্ছায় হত্যা করতো তবে তাঁদের বক্তব্যে তাঁরা কুর'আন, সুন্নাহ ও সামরিক কৌশলের আলোকে খালেস ভাবে তাঁদের কার্যাবলী ব্যাখ্যা করার মতো কস্ট করতেন না। এবং এরকম অনেক ভিডিও আছে যেখানে আমরা দেখেছি তাঁরা একটি বম্ব বিস্ফোরণ ঘটাতে যাচ্ছিলেন কিন্তু কাছাকাছি একজন মুসলিম চলে আসায়, শেষ মুহূর্তে তাঁরা তা থেকে বিরত হয়েছেন।

বাকি থাকে ৯/১১ এর কথা। এ বিষয়টি অপেক্ষাকৃতভাবে কিছুটা জটিল এবং আমরা পরবর্তীতে এই আলোচনা করবো। আমেরিকায় আল-কা'য়িদার হামলা, বিশেষ করে টুইন টাওয়ারের হামলা গুলোর পেছনে বিস্তৃত ফিকহী ইতিহাস আছে। শায়খ উসামা রাহিমাহুল্লাহ বেশ কিছু শুয়ুখের সাথে এই হামলার পূর্বে আলোচনা করেছিলেন। এবং আপনি উনার সাথে একমত হোন বা না হোন এক্তহা অনস্বীকার্য যে এই হামলার বৈধতা সম্পর্কে আল-কা'য়িদার শার'ঈ দালীল ছিল। আমরা এখানে শার'ঈ হুকুম ও দালায়ীল নিয়ে আলোচনা করছি না কারণ আমাদের এই লেখার উদ্দেশ্য হল আস-সাহাব মিডিয়া এবং ৯/১১ এর আক্রমন কারা পরিচালনা করেছিলেন তা নিয়ে আলোচনা করা। তবে কাফিরদের কোন সামরিক বা অর্থনৈতিক ঘাঁটিতে তাদের সাথে কিছু মুসলিমও বিদ্যামান থাকলে বাস্তব প্রেক্ষাপট অনুযায়ী হুকুম নির্ধারিত হবে। যদি বাস্তবতা এমন হয় যে মুসলিমদের ক্ষতি না করে আক্রমন কয়রা সম্ভব, তাহলে একরকম হুকুম। আর যদি বাস্তবতা এমন হয় যে কোন ভাবেই মুসলিমদের ক্ষতি না করে আক্রমন করা সম্ভব না, তখন হুকুম অন্যরকম। তবে এই বিষয়ে বিস্তারিত আলোচনা আমাদের এই লেখার বিষয়বস্তু না।

ছ) তাঁদের শহীদদের দেহ থেকে মেশক আম্বারের সুঘ্রাণ নিঃসৃত হয়। ভিডিও দেখে প্রতীয়মান হয় মৃতদেহের পাশে দাঁড়ানো সহযোদ্ধাদের মেশকের সুঘ্রাণ পান এবং আবেগ আপ্লুত হয়ে পড়েন।

জ)তাঁরা যথাসম্ভব সুন্নাহ-র অনুসরণ করেন।

ঝ)তাঁরা সর্বদা আল্লাহ-র নিকটবর্তী হবার চেসটা জারি রাখেন। তাঁদের সামরিক অভিযানের ভিডিও আপনি দেখতে পাবেন অপারেশান শুরু আগে, চলাকালীন সময়ে এবং শেষে; সব অবস্থাতেই তাঁরা দু'আ ও যিকর করছেন।

ঞ) সঠিক ভাবে আল্লাহ-র ইবাদাতের উদ্দেশ্যে তাঁরা ক্রমাগত একে অপরকে এবং উম্মাহকে কুর'আনের বিভিন্ন আয়াত স্মরন করিয়ে দিতে থাকেন।

ট) তাঁরা আল ওয়ালা ওয়াল বা'রা (আল্লাহ-র জন্য ভালোবাসা এবং আলাহ-র ওয়াস্তে ঘৃণা করা) কায়েম করেন।

ঠ)তাঁরা কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ করেন। আল্লাহ সূড়া নিসার ৯৫ ও ৯৬ নাম্বার আয়াতে বলেছেন, তিনি মুজাহেদীনকে কাইদিনের (যারা জিহাদ ছেড়ে পেছনে বসে থাকে)উপরে পছন্দ করেন।তাই আল্লাহ যাদের ভালোবাসেন, আমাদেরও তাঁদের ভালবাসতে হবে।

এগুলো হল আস-সাহাব তথা আল-কা'য়িদার মুজাহেদীনের বাহ্যিক তাকওয়ার উদাহরন।

এবার আসুন আস-সাহাব মিডিয়ার বিশ্বাসযোগ্যতা/ অথেনটিসিটি নিয়ে আরেকটু গভীরভাবে বিশ্লেষণ করা যাক।

এটা পরিষ্কার যে এই মুজাহেদীনরা দ্বীনদার মুসলিম। এবং তাঁরা জিহাদ করছেন আল্লাহ-র শত্রুদের বিরুদ্ধে, আল্লাহ-র আউলিয়াদের বিরুদ্ধে না। এটা হল মনে রাখার মতো আরেকটি বিষয়।

এখানে আল-কা'য়িদা এবং তালিবানের সম্পর্ক নিয়ে একটু আলোকপাত করা প্রয়োজন। এই দুটো দল সমঝোতার ও পারস্পরিক ভ্রাতৃত্বের ভিত্তিতে পাশাপাশি কাজ করছেন। তালিবান কখনৈ আল-কা'য়িদার ব্যাপারে অথবা আল-কা'য়িদার কোন মিডিয়া রিলিযের ব্যাপারে অভিযোগ করে নি। বাস্তবতা হল এই দুতো দল, আমীরুল মু'মিনীন মুল্লাহ মুহাম্মাদ উমার রাহিমাহুল্লাহ-এর নেতৃত্বে "ইমারাতে ইসলামিয়্যা আফগানিস্তানের" ব্যানারে একটি সম্মিলিত আন্দোলন হিসেবে কাজ করছে।* [*বর্তমানে আমিরূল মু'মীনীন মুল্লাহ মুহাম্মাদ আখতার মানসুর হাফিযাহুল্লাহ –এর নেতৃত্বে]

এবং তালিবান অসংখ্য বার আল-কা'য়িদা ও শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ-র প্রতি তাঁদের সমর্থন জানিয়েছে।

এখন প্রশ্ন হল, তালিবানের কথা কি বিশ্বাসযোগ্য?

এই প্রশ্নের উত্ত হল, অবশ্যই তাঁরা বিশ্বাসযোগ্য। এবং তাঁদের বিশ্বাসযোগ্য মুসলিম হবার বিভিন্ন প্রমাণ আমদের কাছে আছে। যেমনঃ

১) শারীয়াহ প্রতিষ্ঠা এবং শিরক উপড়ে ফেলার ব্যাপারে তালিবানের আন্তরিকতা

২)তালিবান আন্দোলনের সূচনার ইতিহাস তাঁদের সপক্ষে আরেকটি বড় প্রমাণ।এই আন্দোলন শুরু হয়েছিল কিছু দস্যু-লুটেরাদের দমন করার জন্য মাদ্রাসা ছাত্রদের এক্ট আন্দোলনের মাধ্যমে। আল্লাহ-র ইচ্ছায় এক সময় তাঁরা আফগানিস্তানের ৯০% এর বেশী অঞ্চলের উপর কতৃত্ব অর্জন করেন। এবং তাঁদের শাসন আমলে অপরাধের হারের ব্যাপক ভাবে হ্রাস পায়।* [কুফফার তালিবানের বিরুদ্ধে একটি ব্যাপক আকারের প্রপাগ্যান্ডা মেশিন চালিয়ে আসছে। এই প্রপাগ্যান্ডা মেশিনের কাজ হল মিথ্যাচারে পূর্ণ বই, ভিডিও আর প্রবন্ধের মাধ্যমে তালিবানকে একটি পৈশাচিক অশুভ শক্তি

হিসেবে তুলে ধরার চেস্টা করা। তাই আমরা বিনয়ের সাথে আমাদের পাঠকদের অনুরোধ করবো তালিবানের ব্যাপারে বিভিন্ন ভুল ধারণা নিরসনের জন্য মুজাহেদীন এবং তাঁদের সমর্থকদের বক্তব্য পড়ার জন্য। যেমন এ ব্যাপারে আত-তিবিইয়ান পাবলিকেশানস এবং 'আযযাম পাবলিকেশানস এর বইগুলোতে তালিবানের ব্যাপারে উলেমা ও চাক্ষুস সাক্ষীদের বক্তবয আছে।]

৩) তাঁদের তাকওয়া, তাউয়াক্কুল এবং দ্বীন পালন

তো এইলেখায় এখন পর্যন্ত উল্লেখিত সবগুলো পয়েন্টের আলোকে আসুন কিছু প্রশ্ন করা যাকঃ

১) কিভাবে কোন মুসলিমের পক্ষে আস-সাহাবের কোন রিলিযকে মিথ্যা বা বানোয়াট বলে অস্বীকার করা সম্ভব যখন এই ভিডিওগুলো হল খাটি জিহাদ ফী সাবিলিল্লাহ-র ফুটেজ?

২) কিভাবে কোন মুসলিম আস-সাহাবের রিলিযকে অস্বীকার করতে পারে যখন তাঁরা কোন শিরক, কুফর বা বিদ'আ প্রদর্শন করে না। অধিকন্ত তাঁরা দ্বীনের উপর থাকা এবং উত্তম আমল করা প্রদর্শন করেন?

৩) কিভাবে কোন মুসলিমের পক্ষে আস সাহাবে কোন রিলিযকে বানোয়াট বলে অস্বীকার করা সম্ভব যখন তাঁরা তালিবানের সাথে মিলে কাজ করেন এবং তালিবান তাঁদের ভালোবাসে এবং নিজেদের অংশ হিসেবে গ্রহণ করে?

৪) কিভাবে কোন মুসলিম আস সাহাবের কোন রিলিয অস্বীকার করে, যখন সিআইএ তথা কুফফার আল কা'য়িদাকে নিয়ন্ত্রন করে এরকম কথার সপক্ষে এক ধূলিকণা সমপরিমাণ প্রমাণ নেই?

৫) কিভাবে কোন মুসলিমের পক্ষে আস-সাহাবের একটি রিলিযও উপেক্ষা কিম্বা অস্বীকার করা অসম্ভবভ যখন এসব ভিডিও তে আমেরিকা এবং ন্যাটোর বিরুদ্ধে সামরিক অপারেশানের ফুটেজ দেখানো হয়। এই ভিডিও গুলোতে দেখানো হয় মুজাহেদীন আমেরিকান সেনাদের হত্যা করছেন। এসব মৃত সেনাদের রক্তাক্ত লাশ দেখানো হয় এবং আইইডি, আরপিজি পিকে এবং অন্যান্য অস্ত্র নিয়ে আমেরিকানদের উপর অতর্কিতে হামলা করতে এবং অ্যান্টি এয়ার-ক্র্যাফট উইপেন দিয়ে আমেরিকানদের হেলিকপ্টারগুলোকে আক্রমণ করার ফুটেজ দেখানো হয়। এ কথাগুলো বলার মাধ্যমে আমি যাবুঝাতে চাচ্ছি তাহল – যে কিভাবে কোণ মুসলিম এটা মনে করতে পারে যে আস-সাহাবকে একটি সিআইএ এর চাল বা প্লট, যখন তাঁরা ক্রমাগত আমেরিকানদের উপর হামলা করেই যাচ্ছেন?

কেউ হয়তো বলবেন, "আমি আস সাহাব মিডিয়াকে অস্বীকার করছি না, তবে "বিন লাদেন টেইপস" নামের রিলিযগুলোকে আমি বিশ্বাস করি না...এগুলোর ব্যাপারটা কেমন যেন ঘোলাটে। আর কয়েকটা তো শুধু অডিও।

এক্ষেত্রে আমাদের বক্তব্য হলঃ আপনার এই কথার কোণ অর্থ হয় না। কারণ আস-সাহাবের একটা রিলিয নিয়ে প্রশ্ন তোলা আর সব রিলিয নিয়ে প্রশ্ন তোলা একই কথা। আর এটা করার অর্থ আল-কা'য়িদা যে আফগানিস্তানে আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ করছে তা নিয়ে প্রশ্ন তোলা। আর আস-সাহাবের নামে কোন বানোয়াট ভিডিও প্রকাশ করা হলে আস-সাহাব, তথা আল কা'য়িদা কি এই ব্যাপারে কোণ বক্তব্য না দিয়ে চুপ করে থাকতো? যারা জানেন না তাঁদের জ্ঞাতার্থে বলছি ইখলাস এবং হিসবাহ-র মতো ফোরামগুলো মুজাহেদীনের ফোরাম এবং বিশ্বের বিভিন্ন প্রান থেকে মুজাহেদীন এই সব ফোরামে আলোচনা করেন এবং বিভিন্ন অপারেশানের খবর পোস্ট করেন।

সুতরাং আস –শাব তো এসব ফোরাম ব্যবহার করেও কিছু বলতে পারতো যদি এই ভিডিওগুলো বানোয়াট হতো। অথচ তাঁরা এরকম কিছু করে নি।

এই ফোরামগুলোত মুজাহেদীন কিভাবে যোগযোগের জন্য ব্যবহার করেন তার একটা উদাহরণ আপনাদের সামনে তুলে ধরছিঃ আস সাহাবের একটি রিলিয নিয়মের ব্যতিক্রম করে প্রথমে ফরামের মাধ্যমে প্রকাশ না করে সরাসরি আল জাযিরাতে চ্যানেলে পাঠানো হয়েছিল। তখন ফোরামের কয়েকজন সদস্য প্রশ্ন তোলেন – কেন আমরা না পেয়ে আল-জাযিরা প্রথমে এই টেপ পেল?

আস-সাহাব এর জবাবঃ

“কৌশলগত কারণে এই ভিডিওটি অনলাইনে প্রকাশ করার আগে টিভি চ্যানেলগুলোর কাছে পাঠানো হয়েছে। কিছু কিছু ওয়েবসাইট ভিন্ন কোন পন্থায় এই ভিডিওটি পাবার ব্যাপারে যা বলছে তা সত্য না।“

যদি এই ভিডিওটি তাঁদের না-ই হতো, তবে তাঁরা কিন্তু সেটা বলে দিলেই পারতেন। যা তাঁরা করেন নি। আর আপনি যদি দাবি করেন যে এই ভিডিও গুলো সিআইএর বানানো বা তাদের চাল তাহলে আমরা আপনাকে বলবো আপনার এই দাবির সপক্ষে প্রমান আনতে। আপনার কাছে কি কোন প্রমান আছে যে আস সাহাব সিআইএ এজেন্টদের সাথে গোপনে কোন মিটিং করেছে? আপনা কাছে কি কোন প্রমান আছে যে আল কা’য়িদা মুসলিমদের মতো দেখতে হলেও আসলে তাঁরা হল কিছু যায়নবাদী ইহুদি (যদিও তাঁরা মুরতাদ এবং আমেরিকানদের হত্যা করছে)?

আসলে ইসলামী দৃষ্টিভঙ্গি থেকে দেখলে পুরো ব্যাপারটাই অনেক সহজ হয়ে যায়। তবে কাফিরের কাছে পুরো ব্যাপারটা খুব দুর্বোধ্য মনে হবে কারণ সে বাহ্যিক আমল ও মুখলেস হবার গুরুত্ব বোঝে না। একারণে কাফিরদের প্রতি আমাদের বক্তব্য হলঃ

আস সাহাব মিডিয়া (তথা আল কা’য়িদা)সিআইএর কোন চাল হবার ব্যাপারে যদি তোমাদের কাছে কোন সুস্পস্ট এবং অকাট্য প্রমান না থাকে তাহলে নিজেদের হাসির খোরাক বানানোর চাইতে মুখ বন্ধ রাখাই তোমাদের জন্য উত্তম।অ্যালেক্স জোনস এবং তার মতো কাফিরদের প্রতি এটাই আমাদের জবাব। শায়খ উসামা রাহিমাহুল্লাহ-র বিরুদ্ধে এদের “প্রমান” হল আল কা’য়িদার ব্যাপারে কোন এক অজানা কাফির ওয়েবসাইটের “রিপোর্ট” ! অথচ অনেক মুসলিম অ্যালেক্স জোনসকে অন্ধভাবে বিশ্বাস করে। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লাহ বিল্লাহ।

সুতরাং আওচনার প্রথম অংশের শেষে উপসংহার হিসেবে আমরা বলতে চাইঃ

তাঁদের আমল, আখলাক এবং জিহাদ ফী সাবিলিল্লাহ-র মাধ্যমে সুস্পস্টভাবে প্রমানিত হয় যে আস সাহাব একটি বিশ্বস্ত জিহাদী মিডিয়া প্রতিষ্ঠান। কিছু মুসলিম তাঁদের ব্যাপারে সন্দেহ পোষণ করে কারণ মুসলিমদের ভেতর কেউ এতোটা ভাল হতে পারে এটা তাঁরা নিজদের বিশ্বাস করাতে পারেন না। একারনে তাঁরা বলে বেড়ান “ আল কা’য়িদা হল আমেরিকার তৈরি, সিআইএর তৈরি। সিআইএ এ মুসলিমদের জিহাদের জন্য রিক্রুট করতে চায় যাতে করে তারা এসব মুসলিমদের জেলে ভরে নির্যাতন করতে পারে। একারণে সিআইএ-র এজেন্টরা বসে ইসলামি ইতিহাস নিয়ে পড়াশুনা এবং গবেষণা করে আল-কা’য়িদা-কে তৈরি করেছে। এবং সব দিক দিয়ে আল

কা'য়িদাকে এতো অসাধারন, অসামান্য রকমের ভাল মনে হবার পেছনে কারণ এটাই। এটা হল মুসলিমদের বোকা বানানোর চাল। কেউ কি এতো ভাল হতে পারে নাকি?! মানে আল কা'য়িদার এই মুসলিমরা পাহাড়ের প্রচন্ড শীতের মধ্যেও তাহাজ্জুদ পড়া ছাড়ছে না, তাঁরা শারীয়াহ কায়েম করছে, তাঁরা গরীব-দুঃখীদের সাহায্য করছে, তাঁরা আল্লাহ-র জন্য জীবনের আরাম আয়েশ ত্যাগ করেছে, তাঁরা দ্বীন শিক্ষা করে, তাঁরা ইসলামী ইস্যু নিয়ে কথা বলে, উম্মাহকে এবং মুসলিমদের বিভিন্ন দলকে নাসীহাহ করে, তাঁরা কাফিরদের হত্যা করেন এবং মুরতাদ ও কাফিরদের কাছ থেকে গানীমাহ ছিনিয়ে নেন, তাঁরা খিলাফাহ প্রতিষ্ঠার কথা বলেন, মাত্র কয়েক বছরের মধ্যেই বিশ্ব জুড়ে তাঁদের প্রভাব ও জনপ্রিয়তা ছড়িয়ে পড়েছে, প্রকাশ্যে ও গোপনে অনেক মুসলিমই তাঁদের সমর্থন করেন এবং তাঁদের আমীর হলেন এমন এক ব্যক্তি যার মতো মুত্তাকী ব্যক্তি আমরা আমাদের বর্তমান সময়ে খুব কমই দেখেছি – একটা দল কিভাবে এতোটা ভালো হতে পারে? নিশ্চয় এটা মুসলিমদের বোকা বানানো আর জেলে ভরার জন্য সিআইএর একটা চাল।"

আমি জানি এই কথাগুলো কথাটা হাস্যকর শোনায়। কিন্তু দুঃখজনকভাবে আমাদের কিছু মুসলিম ভাইরা এরকমই চিন্তাভাবনা পোষণ করেন। এরকম মুসলিমদের আমরা পুনরায় অনুরোধ করবো সূরা হুজুরাত যে আয়াতটি আমরা উদ্ধৃত করেছি তার আলোকে নিজের দৃষ্টিভঙ্গিকে গড়ে তোলার। আমাদের এই দ্বীনের নিয়ম হল আমরা সন্দেহ, অনুমান এগুলোর উপর বাহ্যিক এবং সুস্পষ্ট প্রমাণকে প্রাধান্য দেই। এরকম সন্দেহপোষণকারী মুসলিমরা আরেকটি কথা বলে থাকেন। তাঁরা বলেন – "এমন একটি মেশিন বা সফটওয়্যার আছে, আপনার কাছে যদি কোন একজন মানুষের ৩০ মিনিটের মতো কথার রেকর্ডিং থাকে তাহলে ঐ মেশিন/সফটওয়্যার এর সাহায্যে আপনি ঐ ব্যক্তির কণ্ঠের যেকোন রেকর্ডিং নিজে থেকে তৈরি করতে পারবেন...সুতরাং ৯/১১ সম্পর্কিত উসামা বিন লাদিনের সব অডিও টেপ ভুয়া..."

যদিও আসলেই এরকম প্রযুক্তি আছে, কিন্তু এরকম বলা আসলে আস-সাহাব মিডিয়ার বিশ্বাসযোগ্যতা সম্পর্কিত মূল বিষয়টি এড়িয়ে যাওয়ার একটি অজুহাত। যারা এই বক্তব্যগুলো কোন উৎস থেকে আসছে এটা গভীরভাবে চিন্তা করে না, তারাই এধরণের কথা বলতে পারে। এরকম একটা কথা বলার অর্থ হল আস সাহাবের ভিডিও গুলোতে আমরা জিহাদের যেসব ফুটেজ দেখছি সেগুলো সব ভুয়া। আর অজ্ঞ এবং মূর্খ ছাড়া আর কেউ এটা অস্বীকার করবে না যে এই ভিডিওগুলোতে জিহাদের ফুটেজ আছে। এই কথা ঐসব লোকের ক্ষেত্রেও প্রযোজ্য, যারা বলেন – "আরে এসব ভিডিওতে যা দেখছো এগুলোতে আসল জিহাদ না। এগুলোতে বানোয়াট ভিডিও...এগুলো হল অভিনয়, হলিউডের মতো।" এটা পরিষ্কার যে এরকম বলা ব্যক্তিরা আস-সাহাবের ভিডিও তেমন একটা দেখেননি। এই যুক্তি অনুযায়ী আমাদের আসলে তালিবানদের অস্তিত্বও অস্বীকার করা উচিত। কারণ আস সাহাবের ভিডিওতে আমরা তালিবানদের অপারেশানও দেখতে পাই।

যাই হোক, আসুন এখন আমরা পরবর্তী প্রশ্নের দিকে আগাই।

২। শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ-ই যে ৯/১১ এর অভিযানের পেছনে ছিলেন আমরা কিভাবে এই ব্যাপারে সুনিশ্চিত হবো? অ্যালেক্স জোনস এবং তার মতো অন্যরা যে বলে ৯/১১ আসলে ইস্রাইলী মোসাদ করেছে বা অ্যামেরিকা নিজেই করেছে, এটার জবাব কি?

আমরা এই প্রশ্নটিকে প্রথমে কয়েকটি পয়েন্টে বিভক্ত করবো এবং তারপর সেগুলো নিয়ে আলোচনা করবো। পয়েন্টগুলো হলঃ

ক)আস সাহাব মিডিয়া এবং ৯/১১ নিয়ে তাদের প্রকাশিত ভিডিও গুলোর সত্যতা, নির্ভেজাল হওয়া এবং বিশ্বাসযোগ্যতা সম্পর্কে এবং ভিডিওগুলো প্রকাশের ব্যাপারে তাঁদের কৌশল সম্পর্কে আমরা যা জানতে পেরেছি সেগুলো পুনরায় মনে করিয়ে দেয়া।

খ) ৯/১১ এর হামলার ব্যাপারে শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ-র অফিশিয়াল বক্তব্য।

গ) টুইন টাওয়ারে বোমা বিস্ফোরণ এবং পেন্টাগনে কোন প্লেন আঘাত না হানা সম্পর্কিত ষড়যন্ত্র তত্ত্বগুলোর জবাব

ঘ) পেন্টাগনে হামলার পর এফবিআই কতৃক ঐ এলাকার হোটেল-গ্যাস স্টেশান থেকে ভিডিও ফুটেজ বাজেয়াপ্ত করা নিয়ে আলোচনা

ঙ) টুইন টাওয়ারে হামলা হয়েছে দেখার পর কিছু ইহুদির উল্লাস করা নিয়ে আলোচনা

চ) ৯/১১ এর আক্রমনের আগে অ্যামেরিকা যে ওয়ার্নিং পেয়েছিল সেই সম্পর্কে আলোচনা।

ছ) ৯/১১ এর আগে অ্যামেরিকা মুল্লাহ উমার রাহিমাহুল্লাহ-কে যে চিঠি পাঠিয়েছিল, সেটা নিয়ে আলোচনা।

আমি আবারো মনে করিয়ে দিতে চাই আমি আস সাহাব মিডিয়ার পক্ষ থেকে বা তাঁদের মুখপাত্র হয়ে এখানে কিছু বলছি না। আমি এই কথাগুলো বলছি আমার নিজের বিবেক-বুদ্ধি এবং মুসলিমদের ব্যাপারে অকারণে সন্দেহ উত্থাপন না করা এবং তাঁদের ব্যাপারে অজুহাত তৈরি করার নীতির আলোকে।

আসুন শুরু করা যাক।

ক) আস সাহাব মিডিয়া এবং ৯/১১ নিয়ে তাদের প্রকাশিত ভিডিও গুলোর সত্যতা, নির্ভেজাল হওয়া এবং বিশ্বাসযোগ্যতা সম্পর্কে এবং ভিডিওগুলো প্রকাশের ব্যাপারে তাঁদের কৌশল সম্পর্কে আমরা যা জানতে পেরেছি সেগুলো পুনরায় মনে করিয়ে দেয়াঃ

৯/১১ কে করেছে। এটা নিয়ে আলোচনা করার আগে আস-সাহাব মিডিয়ার (তথা আল-কা'য়িদা)সম্পর্কে আমাদের আলোচনা আবার একটু স্মরণ করিয়ে দিতে চাই। আমরা ইতিমধ্যে প্রমাণ করেছি আল কা'য়িদা অ্যামেরিকা বা সিআইএ-র সৃষ্টি না। এমনকি আস সাহাব মিডিয়া ৯/১১ এর ব্যাপারে বক্তব্য দিয়েছে এবং এটাও বলেছে যে, তাঁরাই, অর্থাৎ আল কা'য়িদাই ৯/১১ এর আক্রমণ করেছে (ইনশা আল্লাহ এই ব্যাপারে আমরা পরবর্তীতে আলোচনা করবো)। সুতরাং তাঁদের বক্তব্য যদি কেউ অস্বীকার করে তাহলে আমাদের আস সাহাব মিডিয়ার সত্যতা, বিশ্বাসযোগ্যতা ও নির্ভেজাল হওয়া নিয়ে আলোচনায় ফেরত যেতে হবে। আর গ্রহণযোগ্য প্রমাণ ছাড়া যদি কেউ আস সাহাবের বক্তব্য এবং সত্যতা অস্বীকার করতে চান তবে তার এই ব্যাপারে আল্লাহ আযযা ওয়া জাল কে ভয় করা উচিত। কোন মুসলিমকে সিআইএ এজেন্ট বা এধরণের কিছু বলা তাকফির* করার সমতুল্য। এবং তাঁদের সিআইএ এজেন্ট হবার ব্যাপারে যদি আপনার কাছে কোন প্রমাণ না থাকে তাহলে তো আপনি বিনা প্রমানে আপনার মুসলিম ভাইকে তাকফির করছেন। সুতরাং যারা এরকম বলেন তাদের উচিত আল্লাহ-কে ভয় করা এবং তারা যা বলছেন তা কতোটা গুরুতর এটা অনুধাবন করার চেস্টা করা।

[*এটা তাকফির বলে গন্য হবে কারণ, সিআইএ অথবা এফবিআই এর হয়ে কাজ করা সুস্পষ্ট রিদ্দা। আত তিবইয়্যান কতৃক প্রকাশিত দেখুন শায়খ নাসির বিন হামাদ আল ফাহদ-এর লেখা “The Exposition Regarding the Disbelief of the one that assist the Americans,” ]

৯/১১ এর ব্যাপারে আস সাহাবের প্রকাশিত ভিডিওগুলো হলঃ

১। আবু আল-আব্বাস আল জানুবীর শেষ ওয়াসিয়্যাতঃ

http://www.archive.org/details/hijackers1

২। আল ‘উমারীর শেষ ওয়াসিয়্যাতঃ

http://www.archive.org/details/wasiyat-shaheed-alumari

৩। সাইদ আল ঘামদীর শেষ ওয়াসিয়্যাতঃ

http://www.archive.org/details/motaz

৪। ‘ইলম হল আমল করার জন্য -১

http://www.archive.org/details/high-hopes1

৫। ‘ইলম হল আমল করার জন্য -২

http://www.archive.org/details/high-hopes

৬। সত্যের শক্তি

http://www.archive.org/details/Power-Truth

৭। শায়খ উসামার পক্ষ থেকে বার্তা এবং আবু মুস’আব ওয়ালীদ আল শিহরীর শেষ ওয়াসিয়্যাত

http://al-boraq.info/showthread.php?t=53835

৮। ২০ জন হাইজ্যাকার ছিল – এই মিথ্যা খন্ডন করে শায়খ উসামার বক্তব্য http://www.youtube.com/watch?v=rGTKBDqnpIM

৯। ইউরোপের প্রতি শায়খ উসামার বার্তা, তিনিই ৯/১১ এর পেছনে ছিলেন এই ঘোষণা http://www.youtube.com/watch?v=zM0VdyhtQKo

১০। ৯/১১ এর অভিযানের পরে জিহাদের ইমামগণের বার্তাঃ শায়খ উসামা বিন লাদিন, ডঃ আইমান আল যাওয়াহিরী, শায়খ আবু হাফস আল মিসরি এবং শায়খ সুলাইমান আল ঘাইত

http://www.archive.org/details/LaDeN7

১১। শায়খ উসামা বিন লাদিনের তোরাবোরা থেকে বক্তব্য [এখানে মূল বক্তব্যের শুধু ঐ অঙ্গঘ আছে যা আমাদের আলোচনার সাথে সরাসরি সম্পৃক্ত, এটা দেখা অবশ্য প্রয়োজনীয় ]

http://youtube.com/watch?v=dls5JTD-uG0&fmt=18

১২। উম্মাহ-র বর্তমান অবস্থা ১

http://www.archive.org/details/stateoftheummah1

১৩। উম্মাহ-র বর্তমান অবস্থা ২

http://www.archive.org/details/stateoftheummah2

১৪। অ্যামেরিকার নাগরিকদের প্রতি শায়খ উসামা বিন লাদিনের বার্তা [এই শিরোনামের বেশ কিছু ভিডিও আছে, তবে একটি দেখাই আপাতত যথেস্ট হবে]

http://www.archive.org/details/laden_new_29_10_2004

সেপ্টেম্বর ১১ এর ব্যাপারে আস সাহাবের আরো কিছু ভিডিও আছে। কিন্তু আমাদের আলোচনার জন্য একয়টিই যথেস্ট। অধিকাংশ ভিডিওতেই ইংরেজী সাবটাইটেল দেয়া আছে। যদি আপনি এগুলো না দেখে থাকেন তাহলে আস সাহাবের ব্যাপারে জানার জন্য অবশ্যই এগুলো দেখুন।

৯/১১ এর ঘটনার পরপরই কিন্তু আস সাহাব হাইজ্যাকারদের ওয়াসিয়্যাত প্রকাশ করে নি। তাঁরা কৌশলগত কারণে পর্যায়ক্রমে এগুলো প্রকাশ করেছে। ভিডিও গুলো প্রকাশের তারিখের ব্যাপারে আমার ধারণা যদি সঠিক হয়ে থাকে তাহলে ৯/১১ এর আক্রমনের পর প্রতি বছরে একবার বা দু বার করে আস সাহাব হাইজ্যাকারদের ওয়াসিয়্যাত প্রকাশ করছে। যদি আমরা ধরে নেই যে ১৯ জন হাইজ্যাকারের সবারই এরকম একটি করে ওয়াসিয়্যাতের ভিডিও আছে, তাহলে এর অর্থ হল আস সাহাব ইচ্ছাকৃত ভাবে একটি একটি করে ভিডিও প্রকাশ করছে অ্যামেরিকানদের কাঁটা ঘায়ে নুনের ছিটে দেয়ার জন্য। হয়তো কুফফার যেন কোনভাবেই ৯/১১ এর দিনটি ভুলতে না পারে এবং ইসলামের প্রতি তাঁদের ঘৃণা লুকোতে না পারে এজন্য তাঁরা এভাবে একটি একটি করে ভিডিও প্রকাশ করছেন। অথবা তাঁরা এরকম করছেন যাতে রাগের বশবর্তী হয়ে কুফফার ইরাক আক্রমণের মতো কোন ভুল সিদ্ধান্ত নিয়ে বসে যা তাদের ক্ষতির কারণ হবে। অথবা তাঁরা হয়তো এজন্য এভাবে প্রকাশ করছেন যাতে তাঁরা মুসলিমীনকে এর মাধ্যমে শহীদদের দৃষ্টান্ত অনুসরণে উদ্বুদ্ধ করতে পারেন। অথবা হয়তো তাঁরা উম্মাহ যেন ৯/১১ এর শহীদদের মনে রাখে এজন্য দীর্ঘ সময় ধরে ক্রমান্বয়ে ভিডিও গুলো প্রকাশ করছে। হয়তো উপরের কোনটিই সঠিক না। তবে তাঁরা কোন একটি কৌশলের অংশ হিসেবেই এভাবে ভিডিওগুলো প্রকাশ করছেন। এবং আল্লাহ-র সবচেয়ে ভালো জানেন।

আসুন এখন পরবর্তী পয়েন্টে যাওয়া যাক।

খ) ৯/১১ এর হামলার ব্যাপারে শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ-র অফিশিয়াল বক্তব্য।

৯/১১ এর পেছনে শায়খ উসামার ভূমিকার ব্যাপারে আস সাহাবের মাধ্যমে বেশ অনেকগুলো প্রমাণই আছে। এরকম একটি সুস্পষ্ট প্রমাণ হল " ইউরোপের জনগণের প্রতি বার্তা" শীর্ষক বক্তব্যটিঃ

"...এবং তাঁদের ঘা গুলো শুকানো এবং দুঃখ শেষ হবার আগেই তাঁরা অন্যায়ভাবে তোমাদের সরকারগুলোর আক্রমণের শিকার হল। "এই আক্রমণ হল সেপ্টেম্বর ১১ এর ঘটনার প্রতিউত্তর" – বুশের এই দাবির ব্যাপারে কোন বিশ্লেষণ এবং পর্যালোচনা ছাড়াই তোমাদের সরকারগুলো আক্রমণ চালানোর সিদ্ধান্ত নেয়। তোমাদের সরকারগুলো আক্রমণের সিদ্ধান্ত নেয়। ৯/১১ এর ঘটনাগুলো ছিল ফিলিস্তিন ও লেবাননে মুসলিমদেরউপর চালানো ইস্রাইলী-অ্যামেরিকান জোটের হত্যাযজ্ঞের প্রতিশোধ।

৯/১১ এর ঘটনাসমূহ আমার নির্দেশে সংঘটিত হয়েছিল। এবং আমি জোর দিয়ে বলতে চাই, সরকার বা নাগরিক, কোন আফগানের এই ঘটনার ব্যাপারে কোন পূর্বধারণা ছিল না। এবং অ্যামেরিকা এই কথার সত্যতা সম্পর্কে অবগত আছে। তালিবানদের কিছু মন্ত্রী তাদের কাছে বন্দী হয়েছিল এবং জিজ্ঞাসাবাদের সময় অ্যামেরিকানদের কাছে পরিষ্কার হয় যে তালিবান এবং আফগানরা ৯/১১ এর পরিকল্পনা সম্পর্কে অবগত ছিল না। এজন্যই তালিবান সরকার অ্যামেরিকার আফগানিস্তান আক্রমণ করার আগে তাদের কাছে ৯/১১ এর ব্যাপারে প্রমাণ চেয়েছিল। কিন্তু অ্যামেরিকা কোন প্রমান উপস্থাপন করে নি এবং তারা আক্রমণ করতে অধিকতর আগ্রহী ছিল। আর ইউরোপ অ্যামেরিকার পদচিহ্ন অনুসরণ করলো এবং অ্যামেরিকার অনুচর হওয়া ছাড়া ইউরোপের আর কোন উপায় ছিল না।"

৯/১১ এর ব্যাপারে অন্যান্য যেসব ভিডিও-র লিঙ্ক আমি ইতিমধ্যে দিয়েছি সেগুলোতেও বারবার এই একই দাবি করা হয়েছে।

যেহেতু আস-সাহাব মিডিইয়ার বিশ্বাসযোগ্যতা প্রমানিত হয়েছে সুতরাং এটাও প্রমানিত হয় যে আস সাহাব মিডিয়ার বক্তব্য নিয়েই সন্দিহান হবার অবকাশ নেই। সুতরাং এর মাধ্যমে প্রনাইত হয় ৯/১১ এর আক্রমণের জন্য আল কা'য়িদাই দায়ী ছিল। শুধু মাত্র আমার বিশ্বাস করতে কস্ট হচ্ছে এই কারণে আমি আস সাহাবের এই বক্তব্য অস্বীকার করতে পারি না, যতক্ষণ পর্যন্ত না আমি এই বক্তব্য মিথ্যা হবার ব্যাপারে নির্দিষ্ট ও সুস্পষ্ট প্রমাণ পাচ্ছি। যদি আমার কোণ বিষয় নিয়ে খটকা লাগে, সন্দেহ জাগে (যেমন টুইন টাওয়ারে বোমা বিস্ফোরণ, পেন্টাগনে কোন প্লেন হামলা না হওয়া; যেগুলো নিয়ে আমি ইনশা আল্লাহ পরবর্তীতে আলোচনা করবো) তবে আমি সাবরের সাথে এই ব্যাপারগুলো আমার কাছে স্পস্ট হওয়া পর্যন্ত অপেক্ষা করবো। এবং আমি আমার মুসলিম ভাইদের জন্য অজুহাত তৈরি করবো এবং সব সম্ভাব্য ব্যাখ্যার ব্যাপারে গভীর ভাবে চিন্তা করবো। আমি আশা করি আমার অন্যান্য মুসলিম ভাইরাও এই ভাবেই চিন্তা করবেন।

অনেকে বলেন, শায়খ উসামা রাহিমাহুল্লাহ তো প্রথমে ৯/১১ এর সাথে সম্পৃক্ত থাকার কথা অস্বীকার করেছিলেন। যারা এরকম বলেন আমি তাদের আহবান করবো প্রমাণ উপস্থাপন করার জন্য। এই বিষয়টি নানা লোকে নানা কথা বলেছে তাই সন্দেহ নিরসনের সবচেয়ে ভালো উপায় হল, প্রমাণ উপস্থাপন করা। যার মাধ্যমে আমরা নিশ্চিত হতে পারবো শায়খ উসামা আসলে কি বলেছিলেন আর কি বলেননি। তখন উত্তর আসেঃ " শায়খ উসামা তোরাবোরার বক্তব্যে সম্পৃক্ত থাকার কথা অস্বীকার করেছিলেন।" কিন্তু কেউ যদি তোরাবোরার বক্তব্যটি দেখেন তাহলে এমন কিছু পাবেন না যেখানে শায়খ উসামা ৯/১১ এর হামলার সাথে সম্পৃক্ত থাকার কথা অস্বীকার

করেছেন। এমনকি তিনি ৯/১১ হামলার হাইজ্যাকারদের গভিরভাবে প্রশংসা করেছেন। যদি তিনি এই কাজের সাথে সম্পৃক্ত না- ই হন তাহলে প্রশংসা করলেন কেন?

কিন্তু যদি তর্কের খাতিরে আমরা ধরেও নেই যে তিনি প্রথমে ৯/১১ এর সাথে সম্পৃক্ত থাকার কথা অস্বীকার করেছিলেন, তবে এরকম করার বেশ কিছু কারণ থাকতে পারে।

১। সামরিক কৌশলঃ হতে পারে আক্রমণ করার আগে আমেরিকা যেন তাদের সিদ্ধান্ত পুনঃবিবেচনা করে এজন্য তাঁর গৃহীত সামরিক কৌশলের অংশ হিসেবে তিনি অস্বীকার করেছিলেন। অবশ্য আমেরিকা কোন বিবেচনার ও প্রমানের ধার ধারে নি এবং আক্রমণ করেছে। যা তাদের ইসলামের প্রতি অন্তর্নিহিত ঘৃণারই বহিঃপ্রকাশ। এবং এই সুযোগ গ্রহন করে শায়খ উসামা সঠিক ভাবেই দাবি করেছিলেন যিনি ৯/১১ এর ঘটনা কোণ কাফির রাষ্ট্রের অধিবাসী কোন কাফির ব্যক্তি ঘটাতো, তবে সেই দেশের সাথে সম্মুখ যুদ্ধে জড়িয়ে পড়ার আগে যথোপযুক্ত সতরকতা গ্রহণ করতো এবং সাক্ষ্য প্রমানের অপেক্ষা করতো। তারা শান্তিপূর্ণ ভাবে সেই কাফির দেশের সাথে মিলেমিশে এই সমস্যার সমাধান করার সর্বোচ্চ চেস্টা চালাতো। এবং যদি সেই কাফির রাস্ট্রের কাছে কাফির ব্যক্তির অপরাধী হবার পক্ষে সাক্ষী-প্রমান পেশ করে, সেই লোকের অপরাধ প্রমাণ করে তাকে বিচারের জন্য অ্যামেরিকা নিয়ে যেতো।

কিন্তু যেহেতু অ্যামেরিকার নেতারা ইসলাম ও মুসলিমদের ঘৃণা করে তি তারা নিজেদের এই নিয়মগুলো নিজেরাই মানা প্রয়োজন মনে করে নি। তালিবান অ্যামেরিকানদের অ্যামেরিকাকে বলেছিল শায়খ উসামা-র বিরুদ্ধে প্রমাণ উপস্থাপন করতে। কিন্তু অ্যামেরিকা কোন কিছুতে কান না দিয়ে ঔদ্ধত্যের সাথে তাদের আক্রমণের সিদ্ধান্ত অপরিবর্তিত রাখে। এই সিদ্ধান্তের মূল্য আজকে অ্যামেরিকাকে দিতে হচ্ছে। তারা এই সিদ্ধান্তের মাধ্যমে আক্রমণের সামনে নিজেদের উন্মুক্ত করে ফেলেছে।

এটা ছাড়াও অন্য কোন সামরিক কৌশলের অংশ হিসেবে শায়খ উসামা ৯/১১ এর সাথে জড়িত থাকার কথা অস্বীকার করে থাকতে পারেন।

২। হয়তোবা শায়খ উসামা বোঝাতে চাচ্ছিলেন তিনি নিজে শারীরিক ভাবে এই হামলা সাথে জড়িত ছিলেন না। যদি তিনি ৯/১১ এ জড়িত থাকার কথা থাকা অস্বীকার করে আদৌ কোণ বক্তব্য দিয়ে থাকেন তাহলে হয়তো তিনি সেই বক্তব্যে এটাই বোঝাতে চাচ্ছিলেন। কুফফার নিজেরাও দাবি করে ৯/১১ এর হামলার আমীর ছিলেন শায়খ খালিদ শেইখ মুহাম্মাদ ফাকাল্লাহু আসরাহ। এবং এই দাবির পেছনে সম্ভবত কিছু সত্যতা আছে, কারণ আস সাহাব এই ব্যাপারে নিরবতা অবলম্বন করছে। আমি কিন্তু বলছি না ৯/১১ এর পেছনে শায়খ উসামার হাত ছিল না, বরং বযাপারটা এরকম যে শায়খ উসামা ছিলেন মূল আমীর যার নির্দেশনায় অন্যান্য মুজাহেদীন স্বশরীরে এই হামলার পরিকল্পনা করেছে এবং অংশ নিয়েছে।

তবে আমি এই ব্যাপারে নিশ্চিত যে শায়খ উসামা ৯/১১ এর হামলার পেছনে ছিলেন। তিনি সুপস্টভাবে বেশ কয়েক জায়গায় এই দাবি করেছেন। এবং কয়েকটি বক্তব্য তিনি ৯/১১ হামলাকারীদের তাকওয়া, এবং গুণ নিয়ে স্মৃতিচারণা করেছেন। আর যদি আসলেই এমন কোণ বক্তব্য থেকে থাকে যেখানে শায়খ উসামা ৯/১১ এর সাথে জড়িত থাকার কথা অস্বীকার করে থাকেন, তাহলে এই হাদিসটির কথা স্মরণ করুনঃ

"যুদ্ধ হল ধোঁকা।" আমরা জানি যে আস সাহাব বিশ্বাসযোগ্য, আমরা তাদের রিলিযগুলোকে নির্ভরযোগ্য মনে করি এবং আমরা এটাও জানি তারা একটা সামরিক দল যাদের মিডিয়া রিলিযগুলোর সাথে সামরিক কৌশল জড়িত থাকে।

পরবর্তী পয়েন্টে যাওয়া যাক।

গ)টুইন টাওয়ারে বোমা বিস্ফোরণ এবং পেন্টাগনে কোন প্লেন আঘাত না হানা সম্পর্কিত ষড়যন্ত্র তত্ত্বগুলোর জবাব

এই তত্ত্বের ব্যাপারে লোকেদের বক্তব্য হলঃ

" শায়খ উসামা বিন লাদিন রাহিমাহুল্লাহ না বরং অ্যামেরিকা ৯/১১ এর হামলার জন্য দায়ী এই তত্ত্বের প্রমাণ হল, টুইন টাওয়ারে বোমা রাখা ছিল। সেগুলো বিস্ফোরিত হয়েছিল এবং টাওয়ারগুলো ধ্বসে পড়ার পেছনে এই বোমাগুলোর ভূমিকা ছিল। এছাড়া টাওয়ার গুলো এমনভাবে ধ্বসে পরে ছিল যা থেকে মনে হয় এগুলোকে নিয়ন্ত্রিতভাবে নিচ থেকে ধসিয়ে দেয়া হয়েছিল। এছাড়া কেউ যদি ৯/১১ এর হামলার পর পেন্টাগনের কোন ছবি দেখে এটা পরিষ্কার বোঝা যায় কোন প্লেন সেইদিন পেন্টাগনে আঘাত হানে নি, কারণ ছবিতে কোন প্লেনের ধ্বংসাবশেষ দেখা যাচ্ছে না। এবং পেন্টাগন বিল্ডিং এর দেয়াল দেখে কোণ ভাবেই মনে হয় না দুটো পাখা সেখানে আঘাত হেনেছে। বরং শুধু মাঝ বরাবর একটা বড় গর্ত ছবিতে দেখতে পাওয়া যায়।"

এক্ষেত্রে আমাদের উত্তর আমাদের আগের উত্তরের মতোই হবে। এটা সামরিক কৌশলের সাথে সম্পর্কিত একটি বিষয়। এটা ছিল অন্যান্য এবং অভূতপূর্ব এক হামলা যার পেছনে ছিল ইউনিক একটি সামরিক পরিকল্পনা। বিভিন্ন সামরিক কৌশল ৯/১১ এর হামলাগুলোর জন্য ব্যবহৃত হয়ে থাকতে পারে। তবে এই আলোচনায় যাবার আগে আল কা'য়িদার সামরিক সক্ষমতা নিয়ে কিছু কথা বলা দরকার।

অনেকেই আল কা'য়িদা সম্পর্কে বলেছেন যে এটা হল একটা সামরিক প্রতিষ্ঠান যা অনেকটা হার্ভার্ডের মতো। সবাই এটাতে ঢুকতে চায় কিন্তু হাতেগোণা কয়েকজনই সফল হয়। আমি বলছি না যে উম্মাতের সব লোক আল কা'য়িদায় যোগ দিতে চায়। বরং আমি বলছি তাদের প্রতিষ্ঠান এবং কার্যক্রম অত্যন্ত পরিকল্পিত এবং সুক্ষ ধাঁচের। আল কায়িদা নিছক চপ্পল-পাগড়ী পড়া, কালাশনিকভ ধারী একদল মুসলিম না যারা বিশ্বের বিভিন্ন জায়গায় যুদ্ধ করে বেড়ায়। বরং তাদের আন্দোলনের সাথে সম্পৃক্ত আছেন অভিজ্ঞ সামরিক জেনারেল, যোদ্ধা, অস্ত্র তৈরিকারক এবং বিক্রেতা, আইটি স্পেশালিস্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, বিজ্ঞানী এবং আরো অনেকে। এবং এই ব্যক্তিরা তাঁদের নিজ নিজ ক্ষেত্রে প্রথম সারির বিশেষজ্ঞ।এই সব ক্ষেত্রে বিশেষজ্ঞরা আল কায়িদার সাথে জড়িত। ঠিক যেমন হার্ভার্ডের সাথে জড়িত বিভিন্ন শিক্ষাগত বিষয়ের প্রথম সারির বিশেষজ্ঞরা।অবশ্য তাঁদের সাথে এরকম অনেকেই যোগ দেন যারা সামরিক দিক দিয়ে অনভিজ্ঞ, কিন্তু সাধারণ মুসলিমরা যেরকম ধারনা করেন সংগঠন হিসেবে আল কায়িদা এবং তাঁদের কার্যক্রম তার চাইতে অনেক বেশী সুক্ষ এবং জটিল। এই ধারণার পেছনে ভিত্তি হিসেবে প্রমানগুলো হলঃ

